I সন্া সা রা । -া রা I রপা -মপা পরা । -া -া I
গ ভীর্ অ ন্ ধ কা রে

I র্রা র্রা র্রা । র্র্মা -া I মর্রা -া র্জ্ঞা । জ্ঞর্রা র্সা ]
বু ঝি বা এ০ ই ব জ্ র র বে

I র্সনা র্সা -না । নর্রা র্র্সা I ণা -া পা । পণা ণপা I
নূ ত ন্ প০ থের্ বা র্ তা ক০ বে

I পমা -া পা । পণা ণপা I পমা পা না । র্সা -া ]
কো ন্ পু রী০ তে গি য়ে ত বে ০

I র্সনা র্সা -া । র্র্সা র্রা I মর্জ্ঞা -া -া । সা -া II II
প্র ভা ত্ হ০ বে রা ০ ০ তি ০

## ১৯

রিম্ ঝিম্ ঘন ঘন রে বরষে।
গগনে ঘনঘটা, শিহরে তরুলতা,
ময়ূর ময়ূরী নাচিছে হরষে।
দিশি দিশি সচকিত দামিনী চমকিত,
চমকি উঠিছে হরিণী তরাষে।
রিম্ ঝিম্ ঘন ঘন রে বরষে॥

II { ণা -ধা পা -ধপা । পমা পা না না । নর্সা -া -া -া । র্সনা, র্রা র্সা -া I
রি ম্ ঝি ০ম্ ঘ ন ঘ ন রে ০ ০ ০ ব র ষে ০

I ( র্রা -া র্রা -া । র্রা র্রা র্রা র্রা । র্রা -র্জ্ঞা -র্জ্ঞর্রা -র্সা । র্সনা র্রা র্রর্সা -া ) } I
রি ম্ ঝি মু ঘ ন ঘ ন রে ০ ০ ০ ব র ষে

I মা মা মা মা মপা মা পা -জ্ঞা জ্ঞা জ্ঞা জ্ঞা জ্ঞমা । রা রা সা -া I
গ গ নে ঘ ন ঘ টা ০ শি হ রে ত০ রু ল তা ০

I না না -া না । নর্সা র্সনা র্সা -া । র্সনা র্সা -া র্সা । র্সনা র্রা র্রর্সা -া II
ম য়ূ ০ র ম য়ূ রী ০ না চি ০ ছে হ র ষে

II ণা পা না না । র্সা র্সা র্সনা র্সা । র্রা -র্মা র্মর্রা র্সা । র্সনা না র্সা র্সা I
দি শি দি শি স চ কি ত দা ০ মি নী চ ম কি ত

I { র্সা র্সণা পধা পা । পমা পা না না । র্সা -া -া -া । র্সনা র্রা র্রর্সা -া } I
চ ম কি উ ঠি ছে হ রি ণী ০ ০ ০ ত রা ষে ০

I র্রা -া র্রা -া । র্রা র্রা র্রা র্রা । র্রা -র্জ্ঞা -র্জ্ঞর্রা -র্সা । র্সনা র্রা র্সা -া II II
রি ম্ ঝি ম্ ঘ ন ঘ ন রে ০ ০ ০ ব র ষে ০

# ২০

বুঝি এল, বুঝি এল, ওরে প্রাণ।
এবার  ধর্ দেখি তোর গান।
ঘাসে ঘাসে খবর ছোটে,
ধরা বুঝি শিউরে ওঠে—
দিগন্তে ঐ স্তব্ধ আকাশ পেতে আছে কান॥

সা সা II সন্‌া -সা রা -া । -া -া রগা রা I রসা -রা গা -া । -গা -মা গা রসা I
বু ঝি  এ ০ ০ ল ০ ০ ০ বু ঝি এ ০ ল ০ ০ ০ ওরে ০

॥
I সপা -া ম্‌গা ম্‌া । পা -া ম্‌গা ম্‌া I ম্‌না -া -া ধা । ধপা -া ম্‌া -া I
প্রা০ ণ্‌এ০ বার্ ধ র্ এ০ বার্ ধ ০ র্ দে খি ০ তো র্

I গা -া -া -মগা । -রা -া সা সা II
গা ০ ০ ০০ ০ ন্ "বু ঝি"

-া -া । -া -া গা গা II গপা -ম্‌া ধা -পা । পা -র্সা র্সা -া I র্সা -না র্রর্সা -া । -া -া -া -া I
০ ০ ০ ০ ঘা সে ঘা০ ০ সে ০ খ ০ ব র্ ছো ০ টে০ ০ ০ ০ ০ ০

I র্সা -র্রা র্রা -া । র্রা -া র্রা -া I র্রর্সর্রা -র্গা র্গা -া । র্গর্রা -র্গা র্গর্রা -া I
ধ ০ রা ০ বু ০ ঝি ০ শি০ উ রে ০ ও ০ ঠে ০

I -র্সা -া -না -ধা । -না -া -ধা -ম্‌া I -ধা -া -গা -ম্‌া । -পা -া -া -া I
০ ০ ০ ০ ০ ০ ০ ০

I পা -না না -া । নধা -া ধপা -া I পম্‌া -ধা ধপা -া । পম্‌া -া গা -রা I
দি ০ গ ন্ তে ০ ঐ ০ স্ত ব্ ধ ০ আ ০ কা শ্

I রা গা ম্‌া পা । ধা -া ধা ধম্‌া I না -া না পা । পর্রা -া -া র্সা I
পে তে আ ছে কা ন্ এ বার্ ধ র্ এ বার্ ধ ০ র্ দে

I র্সনা -া ধা -া । পা -া সা সা II II
খি ০ তো র্ গা ন্ "বু ঝি"

## ২১

হা রে, রে রে, রে রে—
আমায় ছেড়ে দে রে, দে রে,
যেমন ছাড়া বনের পাখি মনের আনন্দে রে ॥
ঘন শ্রাবণ-ধারা
যেমন বাঁধন-হারা,
বাদল বাতাস যেমন ডাকাত আকাশ লুটে ফেরে ॥
হা রে, রে রে, রে রে—
আমায় রাখ্‌বে ধ'রে কে রে!
দাবানলের নাচন যেমন সকল কানন ঘেরে!
বজ্র যেমন বেগে
গর্জে ঝড়ের মেঘে,
অট্টহাস্যে সকল বিঘ্ন-বাধার বক্ষ চেরে ॥

| | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| II | র্গা | র্গা | -া | । | গর্রা | র্রা | -া | । | রর্সা | র্সা | -া | । | র্সনা | ধা | -পা | I |
| | হা | রে | | | রে | রে | | | রে | রে | | | | মা | য় | |
| | | | | | | | | | | | | | | | ॥ | |
| I | পধা | ধা | -া | । | ধপা | পা | -জ্ঞা | । | জ্ঞগা | পা | -া | | -া | -া | -া | I |
| | ছে | ড়ে | | | দে | রে | ০ | | দে | রে | | | | ০ | ০ | |
| I | সা | সা | -া | । | রা | গা | -া | । | মা | পা | -া | । | ধা | না | -া | I |
| | যে | ম | ন্ | | ছা | ড়া | ০ | | ব | নে | র্ | | পা | খি | ০ | |
| I | নপা | পা | -া | । | ধা | না | -া | । | নপা | -ধা | -না | । | র্সা | -র্রা | -র্গা | II |
| | ম | নে | র্ | | আ | ন | ন্ | | দে | ০ | ০ | | রে | ০ | ০ | |
| II | পা | পা | -া | । | পধা | ধা | -া | । | ধা | না | -া | । | -া | -া | -া | I |
| | ঘ | ন | | | | | ণ্ | | ধা | রা | ০ | | ০ | ০ | ০ | |
| I | নপা | পা | -া | । | ধা | না | -া | । | না | র্সা | -া | । | -া | -া | -া | I |
| | যে | ম | ন্ | | বাঁ | ধ | ন্ | | হা | রা | ০ | | ০ | ০ | ০ | |

I র্সর্গা র্গা -া । র্গা র্গা -া । র্গর্মা র্গা -া । র্রা র্রা -া I
বা দ ল্ বা তা স্ যে ম ন্ ডা কা ত্

I র্রর্সা র্সা -া । না ধা -পা । পা -ধা -পা । পর্সা -া -া I
আ কা শ্ লু টে ০ ফে ০ ০ রে০ ০ ০

I { র্সা র্সা -া । না না -া । ধা ধা -া । পা পা -া I
হা রে রে রে রে রে আ মা য়্

I পগা -া রা । সা সা -রা । রা গা -া । -া -া -া I
রা খ্ বে ধ রে ০ কে রে ০ ০ ০ ০

I ( সা সা -া । রা গা -া । মা পা -া । ধা না -া I
দা বা ০ ন লে র্ না চ ন্ যে ম ন্

I নপা পা -া । ধা না -া । নপা -ধা -না । নর্সা -া -া ) } I
স ক ল্ কা ন ন যে ০ ০ রে০ ০ ০

I পা -া গা । পা পা -ধা । ধা না -া । -া -া -া I
ব জ্ র যে ম ন্ বে গে ০ ০ ০ ০

I নপা -া পা । ধা না -া । না র্সা -া । -া -া -া I
গ র্ জে ঝ ড়ে র্ মে ঘে ০ ০ ০ ০

I র্সর্গা -া র্গা । র্গা -া র্গা র্গর্মা র্গা -া । র্রা -া র্রা I
অ ০ ট্ট হা ০ স্যে স ক ল্ বি ঘ্ ন

I র্রর্সা র্সা -া । না -া ধা । ধপা -ধা -পা । র্সা -া -া II II
বা ধা র্ ব ক্ষ চে রে

## ২২

শ্রাবণের ধারার মতো পড়ুক ঝরে, পড়ুক ঝরে
তোমারি সুরটি আমার মুখের 'পরে, বুকের 'পরে।
পুরবের আলোর সাথে পড়ুক প্রাতে দুই নয়ানে—
নিশীথের অন্ধকারে গভীর ধারে পড়ুক প্রাণে,
নিশিদিন এই জীবনের সুখের 'পরে, দুখের 'পরে।
শ্রাবণের ধারার মতো পড়ুক ঝরে, পড়ুক ঝরে॥

যে শাখায় ফুল ফোটে না, ফল ধরে না একেবারে,
তোমার ওই বাদল-বায়ে দিক্ জাগায়ে সেই শাখারে।
যা-কিছু জীর্ণ আমার, দীর্ণ আমার জীবনহারা,
তাহারি স্তরে স্তরে পড়ুক ঝরে সুরের ধারা।
নিশিদিন এই জীবনের তৃষার 'পরে, ভুখের 'পরে
শ্রাবণের ধারার মতো পড়ুক ঝরে, পড়ুক ঝরে॥

সা গা গা -মা II মপা পা -র্সা । র্সা র্সনা -া I পক্ষা ধপা -া । মা গা -া I
শ্রা ব ণে র্ ধা রা র্, তো ড়ু ক্ ঝ রে ০

I গা -া -মা । ধপা -া মা I গা -া সা । গা গা -মা I
প ০ ০ ড়ু ক্ ঝ রে ০ তো মা রি ০

I পা -া -া । পনা নধা -নর্সা I র্সনা -া -া । -া -া -া I
সু র্ টি০ আ ০ঃ মা ০ ০ ০ ০

I পা পা -া । পক্ষা ধপা -া I মা মা -গা । গরা গা -া I
মু খে র্ প রে ০ বু কে র্ প রে ০

I -া -া সা । গা গা -মা II
০ ০ "শ্রা ব ণে র্"

পা । পা পনা -া II র্সা র্সা -া  র্সা র্সা -া I পর্সা র্সা -া । র্সর্রা র্রর্সা -া I
পূ  র বে০ র্  আ লো র্  সা থে ০  প০ ড়ু ক্  প্রা০ তে ০

I র্সনা -া নধা । ধপা না -া I -া -া } পা । পা পা -া I
দু ই ন০  য়া নে ০  ০ ০ নি  শী থে র্

I পা -া পা  পক্ষা পা -া I পা পা -ক্ষনা । নধা পা -া I
অ ন্ ধ  কা রে ০  গ ভী ০র্  ধা রে ০

I মা মা -গা  গরা -া -গমা I মগা -া র্সা । র্সগা র্গা -া I
প ড়ু ক্  প্রা  ণে  নি  শি০ দি ন্

I র্গমা -র্পা র্গমা । র্গা র্গা -া I র্গমা র্গা -া । র্রা র্রা -না I
এ০ ই জী  ব নে র্  সু খে র্  প রে ০

I নর্রা র্রর্সা -া । র্সা না -া I -া -া সা । গা গা -মা II
দু০ খে র্  প রে  ০ ০ "শ্রা  ব ণে র্"

{ সা । সা ন্া -া II সা -া সা । সগা গা -া I গসা -া সা । গা গা -া I
যে  শা খা য়্  ফু ল্ ফো  টে০ না ০  ফ০ ল্ ধ  রে না ০

I গা -া -মা । মপা -া মা I গা -া পা । পা পা -া I
এ ০ ০  কে ০ বা  রে ০ তো  মার্ ও ই

I পক্ষা পা -া । পক্ষা পা -ক্ষা I পা -ক্ষনা না । নধা পা -া I
বা দ ল্  বা য়ে ০  দি ০ক্ জা  গা য়ে ০

I মা -া গা । গরা -গা -মা I মগা -া } { পা । পা না -া I
সে ই শা  খা ০ ০  রে ০  যা  কি ছু ০

I নর্সা -া র্সা । র্সা র্সা -া I পর্সা -া র্সা । র্সর্রা র্রর্সা -া I
জী॰ ॰ র্ণ আ মা র্ দী॰ র্ ণ আ॰ মা র্

I র্সনা না -ধা । ধপা না -া I -া -া } পা । পা পা -া I
জী ব ন্ হা রা ॰ ॰ ॰ তা হা রি ॰

I পা পা -া । পক্ষা পা -া I পা পা -ক্ষনা । নধা পা -া I
স্ত রে স্ত রে প ড়ু ॰ক্ ঝ রে ॰

I মা মা -গা । গরা -গা -মা I গা -া র্সা । র্গা র্গা -া I
সু রে র্ ধা ॰ ॰ রা ॰ নি শি দি ন্

I র্গর্মা -র্পা র্পর্মা । র্গা র্গা -া I র্গর্মা র্মর্গা -া । র্রা র্রা -না I
এ॰ ই জী ব নে র্ তৃ॰ ষা র্ প রে ॰

I নর্রা র্রর্সা -া । র্সা না -া I -া -া সা । গা গা -মা II II
ভু॰ খে র্ প রে ॰ "শ্রা ব ণে র্"

হেরিয়া শ্যামল ঘন নীল গগনে
সেই  সজল কাজল আঁখি পড়িল মনে—
অধর করুণামাখা
মিনতি-বেদনা-আঁকা,
নীরবে চাহিয়া থাকা
বিদায়-খনে ॥
ঝর ঝর ঝরে জল, বিজুলি হানে,
পবন মাতিছে বনে পাগল গানে।
আমার পরান-পুটে
কোন্‌খানে ব্যথা ফুটে,
কার কথা জেগে উঠে
হৃদয়-কোণে ॥

II রা রমঃ -মরঃ মা মা । পা পা পমা পা । ধর্সা র্সা র্সধা পঙ্কা । ধপা -া মা -গমা I
হে রি॰ ॰ য়া শ্যা ম ল ঘ ন নী॰ ল গ গ॰ নে ॰ সে ॰ ই

॥
I মরা গা মা মধপা । পমা মগমা রা সা । মা মরা মা পা । পমপা -ধণা -ণধা -পা II
স জ ল কা॰ জ ল॰ আঁ খি প ড়ি ল ম নে॰ ॰॰ ॰ ॰

[ র্জর্রা র্সা র্সনা ]
II { মা পা পনা নর্সা । ধনর্সা র্সা র্রর্সনা র্সা । র্সনর্রা র্রর্সা ণধা পধপা । পমপা পর্রা র্রা (র্রর্জা) } I র্রা I
অ ধ র ক॰ রু॰॰ ণা মা ॰ খা মি॰ ন তি॰ বে॰ ॰ দ ॰ না॰ আঁ কা ॰ কা

I র্রর্মা র্মর্জা র্রা র্সা । র্সনর্রা র্রর্সা ণধা পা । মগা মণা ণধা পা । পমা -া -গা -া II
নী॰ র বে চা হি॰ য়া থা॰ কা বি ॰ দা॰ য়॰ খ নে ॰ ॰ ॰

II রা রা রপা পমা । গা গমগা রা সা । রা রা মা মপা । পা -া -া -া I
ঝ র ঝ॰ ঝ রে॰॰ ল বি জু লি হা॰ নে

পমা পা না র্সা । র্সনর্রা র্রর্সা ণধা পা । মগা মণা ণধা পা । মা -া -া -া I
প ব ন মা তি॰ ছে . ব॰ নে পা॰ গ॰ ল॰ গা নে ॰ ॰ ॰

র্জর্রা র্সা ]
{ মা পা না নর্সা । ধনর্সা র্সা র্সনা র্সা । র্সনা -র্রা র্রণধা পা । পমপা পর্রা র্রা (র্রর্জ্জা) } I র্রা I
আ মা র প॰ রা॰॰ ন পু॰ টে কো॰ ন্ খা ॰ নে ব্য॰ থা ॰ ফু টে ॰ টে

র্রর্মা -র্জ্জা র্জর্রা র্সা । র্সনর্রা র্সা ণধা পা । মগা মণা ণধা ধপা । মা -া -গা -া II II
কা র্ ক থা জে॰ গে উ॰ ঠে হৃ॰ দ॰ য়॰ কো ণে ॰ ॰ ॰

গহন ঘন ছাইল গগন ঘনাইয়া।
স্তিমিত দশ দিশি, স্তম্ভিত কানন,
সব চরাচর আকুল— কী হবে কে জানে।
ঘোরা রজনী, দিকললনা ভয়বিভলা॥
চমকে চমকে সহসা দিক উজলি
চকিতে চকিতে মাতি ছুটিল বিজলি
থরহর চরাচর পলকে ঝলকিয়া।
ঘোর তিমিরে ছায় গগন মেদিনী।
গুরুগুরু নীরদ-গরজনে স্তব্ধ আঁধার ঘুমাইছে।
সহসা উঠিল জেগে প্রচণ্ড সমীরণ, কড়কড় বাজ

II প্‌া পণ্‌া প্‌া পণ্‌া । প্‌া ম্‌া ম্‌া ম্‌া । প্‌া ন্‌া ন্‌া ন্‌া । ণসা -া সা সা I

গ হ ন ঘ ন ছা ই ল গ গ ন ঘ না ॰ ই য়া

I প্‌া ন্‌া ন্‌া ন্‌া সা সা সা -া । সরা -া রা রা । রমা -গমা রা সা I

স্তি মি ত দ শ দি শি ॰ স্ত ম্ ভি ত কা॰ ॰॰ ন ন

I -া ণ্‌া সা রা । গমা -গমা রা সা । ণ্‌া -ধ্‌ণ্‌া প্‌া প্‌া । -া -া -া -া I

স ব চ রা ॰॰ চ র কু ল ॰ ॰ ॰ ॰

I মা মা মপা -া । -া -া -া -া । রা রা সা -া । -া -া -া -া I

কী হ বে॰ ॰ ॰ ॰ ॰ কে জা নে ॰ ॰ ॰ ॰

I প্‌া -প্‌া প্‌া পণ্‌া । প্‌া ম্‌া প্‌া ন্‌া ন্‌া ন্‌া ন্‌া সা । র্সা সা সা সা II

ঘো ॰ রা র জ নী দি ক ল ল না ভ য় বি ভ লা

II { মা পা পা পা । পা পা পা পমা । মণা -ধা না না । র্সা না র্সা -া I
চ ম কে চ ম কে স হ॰ সা॰ ॰ দি ক উ জ লি ॰

I র্সা ন্র্সা ধা র্সা । র্সা র্সা র্সা র্সা । নর্সা -র্রা র্সা নর্সা । ধা ধা পা -া } I
চ কি তে চ কি তে মা তি ছু॰ ॰ টি ল॰ বি জ লী ॰

I মা মা মা মা । মপা পা মা পা । ধা ধর্সা র্সা ন্র্সা । ধা ধা পা -া I
থ র হ র চ॰ রা চ র প ল॰ কে ঝ ল কি য়া ॰

I মা -পা পা পা । পা পমা মপা -া । -া -মা -া -া । -জ্ঞা -া -া -া I
ঘো র তি মি রে ॰ ॰ ॰ ॰

জ্ঞা জ্ঞা রজ্ঞা । -মা -া -রা রা । সা -া -া -া । প্া ণ্া প্া প্া I
গ গ ন মে ॰ দি নী ॰ ॰ ॰ রু গু রু

I ন্া -সা সা সা । সা সা সা সা । রা -া রা রা । রা -সা রসা রা I
নী ॰ র দ গ র জ নে স্ত ব্ ধ আঁ ধা ॰ র॰ ঘু

I মজ্ঞা -া -া -রজ্ঞমা । রা -া সা -া । { মা মা মা মা । পা পা পা পা I
মা॰ ॰ ॰ ॰॰॰ ছে স হ সা উ ল জে গে

I পা পণা -া পা । পণা ণা পা পা } । সা সা সা সা । সা -ণ্সা -প্া -া II II
প্র চ ণ্ ড স॰ মী র ণ ক ড় ক ড় বা ॰ ॰ জ্

২৫

আবার এসেছে আষাঢ় আকাশ ছেয়ে,
আসে বৃষ্টির সুবাস বাতাস বেয়ে ॥
এই পুরাতন হৃদয় আমার আজি
পুলকে দুলিয়া উঠেছে আবার বাজি
নূতন মেঘের ঘনিমার পানে চেয়ে ॥
রহিয়া রহিয়া বিপুল মাঠের 'পরে
নবতৃণদলে বাদলের ছায়া পড়ে।
'এসেছে এসেছে' এই কথা বলে প্রাণ,
'এসেছে এসেছে' উঠিতেছে এই গান—
নয়নে এসেছে, হৃদয়ে এসেছে ধেয়ে ॥

[ রা ]
II সা সা -া । সরা রা রা I রজ্ঞা -সরা -মা মজ্ঞা -া -া I
আ বা র্ এ সে ছে আ ০ ০ ০ ০ ষা ০ ঢ়্

॥
I জমা মা মা । সরা -া -া I সা -া -া -া I
আ কা শ ছে ০ ০ য়ে ০ ০ ০ ০

I ণ্া সা সা । -ণ্া সরা রসা I সণ্া সা প্া । প্া প্সা সা I
আ সে বৃ ষ্ টি০ র সু বা স বা তা০ স

I সন্া -সা -রা । জ্ঞা -া -া I [ ] I
বে০ ০ ০ য়ে ০ ০

II { মা -পা পা পা পা -া I পা পমা -ণা । পধা পা -া I
এ ই পু রা ত ন্ হৃ দ য়্ আ মা ০

I -া -া -া । -া মা পা I পর্সা র্সা র্সা । র্সণা র্সা ণা I
০ ০ র্ আ জি পু০ ল কে দু লি য়া

I ণধা ণা ধা । ধপা মপা -ধণা I ণধা পা -া । -া -া -া } I
উ ঠে ছে আ বা॰ ॰র্ বা জ্রি ॰ ॰ ॰ ॰

I পমা পা পা । পা পা পা I পমা পা পা । -ণা -া -া I
নূ ত ন মে ঘে র ঘ নি মা ॰ ॰ ॰

I -জ্ঞা -া -া । -া -া -া I জ্ঞমা মা -া । মরা -া
॰ ॰ ॰ র্ পা নে ॰ চে ॰

I সা -া -া -া -া -া I { সপা ণ্া ণপ্া প্া ণ্া ণপ্া I
য়ে ॰ ॰ ॰ ॰ ॰ র হি য়া র হি য়া

I প্া প্া -পা পা পা পা I পা পা -া । -া -া -া I
বি পু ল্ মা ঠে র প রে ॰

I পমা পা পণা । ণা ধা ধপা I পমা পা পমা । রা জ্ঞা I
ন ব তৃ॰ ণ দ লে বা দ লে র ছা য়া

I জ্ঞরা সা -া । -া -া -া } I না না না । না না না I
প ড়ে ॰ এ সে ছে এ সে ছে

I -র্সা -া -া । -া -া -পা I পা -না না । না না না I
॰ ॰ এ ই ক থা ব লে

I নর্সা -া -া । -া -া -া I না না না । না না না I
প্রা॰ ॰ ॰ ॰ ॰ ণ্ এ সে ছে এ সে ছে

I -র্সা -া -া -া -া -া I র্সনা র্রা র্সা । ণা ণধা -ণা I
॰ ॰ ॰ উ ঠি ছে ছে এ ই

I ধপা -া -া -া -া -া I পণা ণা ণা । ধা পা পা I
গাং ০ ০ ০ ০ ন্ নং য় নে এ সে ছে

I -া -া -া -া -া -ণা I ণা ণা ণা । পধা পা পা I
০ ০ ০ হৃ দ য়ে এ সে ছে

I পগা -মা -পা । ধা -ণা -ধা I ধপা মা -জ্ঞা । জ্ঞরা রা রা I
ধে ০ ০ য়ে ০ ০ আ বা র্ এ সে ছে

I রজ্ঞা -সরা -মা -া -া I জ্ঞমা মা মা । মরা -া -া I
আং ০ ০ ০ ষা ০ ঢ়্ আ কা শ ছে ০ ০

I সা -া -া । -া -া -া II II
য়ে

২৬

নদীপারের এই আষাঢ়ের
প্রভাতখানি
নে রে ও মন, নে রে আপন
প্রাণে টানি ॥
সবুজ-নীলে সোনায় মিলে
যে সুধা এই ছড়িয়ে দিলে,
জাগিয়ে দিলে আকাশতলে
গভীর বাণী,
নে রে ও মন, নে রে আপন
প্রাণে টানি ॥
এমনি ক'রে চল্‌তে পথে
ভবের কূলে
দুই ধারে যা ফুল ফু'টে সব
নিস রে তুলে।
সে ফুলগুলি চেতনাতে
গেঁথে তুলিস দিবস রাতে—
দিনে দিনে আলোর মালা
ভাগ্য মানি
নে রে ও মন, নে রে আপন
প্রাণে টানি ॥

| | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| II | সা | সা | -দা | দা | -া | -া | I | দপা | -া | -া | -া | -া | -া | I |
| | ন | দী | ০ | পা | | | | রে | | | | ০ | র্ | |
| I | পা | -মা | পা । | পদা | -া | -পা | I | মগা | -া | -া । | -া | -া | -া | I |
| | এ | ই | আ | ষা | ০ | ০ | | ঢ়ে | ০ | | | ০ | র্ | |

I গা গা -া । গমা -া -া I মপা -া -গা । মা -া -গা I
প্র ভা ত্ খা নি নে

I মদা -া -া । দপা মা -পা I গমা -া -গা । গদা -া -া I
রে॰ ॰ ॰ ও ম ন্ নে॰ ॰ ॰ রে॰ ॰ ॰

I দা দা -পা । পদা -া -পা I পর্সা -া -া । র্সপা -া -া I
আ প ন্ প্রা ণে॰ ॰ ॰ টা

I পর্রা -া -া । -া -া -া II
নি॰ ॰ ॰ ॰ ॰ ॰

II দা দা -া । দনা -া -া I নর্সা -া -া । -া -া -া I
স বু জ্ নী লে ॰ ॰

I র্সা র্সা -া । র্সা -া -না I র্সা -া -া । -া -া -া I
সো না য়্ মি লে ॰ ॰ ॰ ॰ ॰

I নর্সা -া দা । না -া -র্সা I র্সর্রা -া -া । -া -া -া I
যে॰ ॰ সু ধা এ ॰ ॰

I র্রা র্রা র্রা র্রা -া -া I র্রর্সা -া -া । -া -া -া I
ছ ড়ি য়ে দি ॰ ॰ লে ॰ ॰ ॰ ॰ ॰

I র্সর্জ্ঞা র্জ্ঞা র্জ্ঞা র্জ্ঞা -া -র্রা I র্রর্জ্ঞা -া -া । -া -া -া I
জা॰ গি য়ে দি ॰ ॰ লে ॰ ॰ ॰ ॰ ॰

I র্জ্ঞা র্জ্ঞা -া র্জ্ঞা -া -র্রা I র্মর্জ্ঞা -া -া । -া -া -া I
আ কা শ্ ত ॰ ॰ লে॰ ॰ ॰ ॰ ॰ ॰

I সা সা -া । সা -া -া I সদা -া -া । পা -া -মা I
গ ভী র্ বা ০ ০ নী ০ ০ ০ নে ০ ০

I মদা -া -া । পা মা -পা I গমা -া -গা গদা -া -া I
রে০ ০ ০ ও ম ন্ নে ০ রে০ ০ ০

I দা দা -া দা -া -পা I পর্সা -া -া । র্সদা -া -া I
আ প ন্ প্রা ণে টা

I দর্ঋা -া -া । -া -া -া II
নি০ ০ ০ ০ ০ ০

II সা -া দা দা -া -া I দপা -া -া -া -া -দা I
এ ম্ নি ক ০ রে ০ ০ ০ ০ ০

I পা -মা পা পদা -া -পা I মজ্ঞা -া -া । -া -া -া I
চ ল্ তে ং০ ০ ০ থে০ ০ ০ ০ ০ ০

I জ্ঞমা জ্ঞা -া । ঋা -া -া I সা -া -া -া -া -া I
ভ বে র্ কৃ ০ ০ লে ০ ০ ০ ০ ০

I জ্ঞা -া -া । জ্ঞা -া -া I -া -ঋা । জ্ঞা -া -া I
দু ০ ই ধা ০ ০ রে ০ ০ যা ০ ০

I জ্ঞমা -া -া । মজ্ঞা -া -া I জ্ঞঋা -া -া । সা -া -া I
ফু ০ ল্ ফু টে স ০ ব্

I সর্জ্ঞা -া -া । র্জ্ঞা -া -া I র্জ্ঞর্ঋা -া -া । র্সা -া -া I
নি ০ ০ স্ রে ০ ০ তু ০ ০ লে ০ ০

I নর্সা র্সদা -া । না -া -া I র্সা -া -া । -া -া -া I

সে৹ ফু৹ ল্ গু লি ৹ ৹ ৹

I র্সা র্সা -া । র্সা -া -না I নর্সা -া -া । -া -া -া I

চে ত ৹ না ৹ ৹ তে ৹ ৹ ৹ ৹ ৹

I নর্সা র্সদা -া । না -া -র্সা I র্সঋা -া -া । -া -া -া I

গেঁ ৹ থে ৹ লি ৹ ৹ স্

I ঋা ঋা -া ঋা -া -া I ঋর্সা -া -া -া -া -া I

দি ব স্ রা ৹ ৹ তে ৹ ৹ ৹ ৹ ৹

I র্সজ্জা জ্জা -া া -া -ঋা I ঋজ্জা -া -া । -া -া -া I

দি ৹ নে ৹ দি নে ৹ ৹ ৹

I জ্জা জ্জা -ঋা । জ্জা -া -ঋা I মজ্জা -া -া । -া -া -া I

আ লো র্ মা লা ৹ ৹ ৹ ৹ ৹

I সা -া সা । সা -া -ন্সা I সদা -া -া । পা -া -মা I

ভা ৹ গ্য মা ৹ ৹৹ নি৹ ৹ ৹ নে ৹ ৹

I মদা -া -া । দপা মা -পা I গমা -া -গা । গদা -া -া I

রে ৹ ৹ ৹ ও ম ন্ নে ৹ ৹ ৹ রে ৹ ৹

I দা দা -া । দা -া -পা I পর্সা -া -া । র্সদা -া -া I

আ প ন্ প্রা ৹ ৹ গে ৹ ৹ ৹ টা ৹ ৹

I দঋা -া -া । -া -া -া II II

নি ৹ ৹ ৹

## ২৭

শাঙন গগনে ঘোর ঘনঘটা, নিশীথযামিনী রে।
কুঞ্জপথে সখি, কৈসে যাওব অবলা কামিনী রে।
উন্মদপবনে যমুনাতর্জ্জিত, ঘন ঘন গর্জ্জিত মেহ।
দমকত বিদ্যুত, পথতরু লুণ্ঠিত থরহর কম্পিত দেহ।
ঘন ঘন রিম্‌ঝিম্ রিম্‌ঝিম্ রিম্‌ঝিম্ বরখত নীরদপুঞ্জ।
শালপিয়ালে তালতমালে নিবিড়তিমিরময় কুঞ্জ।
কহ রে সজনি, এ দুরুযোগে কুঞ্জে নিরদয় কান
দারুণ বাঁশি কাহে বজায়ত সকরুণ রাধা নাম।
মোতিম হারে বেশ বনা দে, সীঁথি লগা দে ভালে।
উরহি বিলুণ্ঠিত লোল চিকুর মম বাঁধহ চম্পকমালে।
'গহন রয়নমে ন যাও বালা, নওল কিশোরক পাশ—
গরজে ঘন ঘন বহুভর পাওব' কহে ভানু তব দাস॥

II { রা -পা পমা পা । পজ্ঞা রা মজ্ঞা -রা । রসা -রজ্ঞা জ্ঞরা সা । রা ন্‌া সা -া I
শা ঙ ন গ গ নে ০ ০ ঘো ০ ০ র ঘ ন ঘ টা

I ( মা মা -পা পা । পা -মা মণা ণা । ণজ্ঞা -া -া -া । -রা -সা -রা -া ) } I
নি শী ০ থ যা ০ মি০ নী রে ০ ০ ০ ০ ০ ০ ০

I মা -পা পা পা । পা -া পা পা । পণা -া ণধা -ণা । ণধা -ণা ধা পা I
কু ন্ জ প থে ০ স খি কৈ ০ সে ০ যা ০ ও ব

I মা মা প্‌া -মা । পা -া পা পর্সা । ণর্সা -ণর্সা -ণা -ধা । -পা -মা -জ্ঞরা -সা II
ব লা ০ কা ০ মি নী০ রে০ ০০ ০ ০

II মা -পা পা পা । পা পা পা -না  না না না -র্সা । র্র্সা -া র্সা র্সা I
উ ন্ ম দ  প ব নে ০  য মু না ০  ত র্ জি ত

I মা মা পা পা । পা -া পা ধা । ধণা -া -ধপা -ধা । ধপা -া -া -া I
ঘ ন ঘ ন  গ র্ জি ত  মে ০ ০০ ০  ০ ০ ০

I মা পা পা পা । পা -া পা পা । মা পা পা পনা । না -র্সা র্সা র্সা I
দ ম ক ত  বি ০ দ্যু ত  প থ ত রু০  লু ণ্ ঠি ত

I না নর্রা র্র্সা ণা । ধা -া পা পধা । ধমা -া -পধপা -মপা । পজ্ঞা -া -া -া I
থ র০ হ র  ক ম্ পি ত০  দে  হ ০ ০ ০

I গা গা গা গা । গা -া গা -া । মা -া মা -া । পমা -গা মা -া I
ঘ ন ঘ ন  রি ম্ ঝি ম্  রি ম্ ঝি ম্  রি০ ম্ ঝি ম্

I গা মা পা পা । পা -া পা পধা । ধমা -া -পধপা -মপা । পজ্ঞা -া -রসা -রা I
ব র খ ত  ০ র্ দ০  ০ ০০০ ০  ০ ০০ ০

I গা -া গা গা । গমা -গা মা -া । গমা -পা পমা জ্ঞরা । মজ্ঞা -রা সা -া I
শা ০ ল পি  য়া ০ লে  তা ল ত০  মা০ ০ লে

I রা পা পমা পা । পমা মজ্ঞা জ্ঞরা সা । রসা -ন্‌া সা -া । -া -া -া -া I
নি বি ড় তি  মি র০ ম য়  কু০ ন্ জ  ০ ০ ০ ০

I মা পা পা -না । না না না -া । পনা -া র্সা র্রা । র্না -া র্সা -া I
ক হ রে  স জ নি  এ০ ০ দু রু  যো ০ গে

I র্সা -র্রা র্সর্রা -র্সা । র্সণা ণা ধপা ধা । র্সণা -া -ধপা -ধা । পা -া -া -া I
কু ন্ জে০ ০  নি র দ০ য়  কা০ ০ ০০ ০  ন ০ ০ ০

মপা -া পা পা । পা -া পা -মা । পা -ণা পধা ণা । র্সণা -া ধা পা I
দাং ০ রু বাঁ ০ শি কা হে ব জা ০ য় ত

|I পমা মা পা পধা । ধমা -া পধা -মপা । পজ্ঞা -া -া -া । -রা -া -সা -া I
স ক রু ণ রা ০ ধা০ ০০ না ০ ০ ০ ০ ম্

|I সন্া -া প্া ন্া । ন্া -সা সা -া । সন্া -া প্া ন্া । ন্া -সা সা -া I
মোং ০ তি হা ০ রে ০ বেং ০ শ ব না ০ দে

|I সন্া -া সা রা । রা -া রা -সা । রসা -রা মজ্ঞা -া । -া -া -া -া I
সীঁং ০ থি ল গা ০ ছে ভাং ০ ০ লে ০ ০ ০ ০

I মা মা পা পা । পা -া পা পা । মা -পা পা পণা । পণা ণা পা পা I
উ র হি বি লু ণ্ ঠি ত লো ০ ল চিং কুং র ম ম

I পমা -া পা পা । পর্সা -া মজ্ঞা জ্ঞমা । মজ্ঞা -া -া -মা । রা -জ্ঞা -সা -া I
বাঁ ০ ধ হ চং ম্ প মা ০ লে ০ ০ ০

I মা পা পনা না । না না না -া । নপা না -া র্সর্রা । র্রনা -া র্সা -া I
গ হ নং র য় ন মে ০ ন যা ০ ণ্ডং বা ০ লা ০

I র্সা -নর্রা র্রর্সা ণধা । ণা -া ধপা ধা । র্সণা -া -া -ধা । পা -া -া -া I
ন ০ও ল কিং শো ০ রং ক পা ০ ০ ০

I পণা ণা ণা -া । পধা ণা পধপা ধা । ধা র্রা র্রর্সা র্রা । র্রণা -া ধা পা I
গং র জে ০ ঘ ন ঘং ন ব হু ড র পা ০ ও ব

I পমা মা -া পা । -া পা পধা ধপা । -া -া -া । রা -া -সা -া II II
ক হে ০ ভা ০ মু তং ব দা ০ ০ ০ স ০ ০

## ২৮

নয়ান ভাসিল জলে !
শূন্য হিয়া-তলে ঘনাইল নিবিড় সজল ঘন প্রসাদপবনে !
জাগিল রজনী হরষে হরষে রে !
তাপহরণ তৃষিতশরণ জয় তাঁর দয়া গাও রে !
জাগো রে আনন্দে চিতচাতক জাগো !
মৃদু মৃদু মধু মধু প্রেম বরষে রে ॥

{ পজ্ঞা পা -পগা মা II ধা -া -না -ধা । -নর্সা না ধা -পজ্ঞা } । পজ্ঞা পধা -পপা -া I
ন ০ য়া ০ ০ ন ভা ০ ০ ০ সি ল ০ লে ০ ০ ০

I মা -গমা রা রা । সা -া সা সা । সন্‌া রা সা সা I
শূ ০ ০ ন্য হি য়া ০ ত লে ঘ না ই ল

I সা সা সা মা । মা মা মা মা । মা গা -মা গা I
নি বি ড় স জ ল ঘ ন প্র সা ০ দ

I মা পা পা -া । জ্ঞপা -ধনা ধা পজ্ঞা । গা মা ধপা -পা I
প ব নে ০ ০ ০ ০ গি ল র জ নী ০ ০

I মা গা মা রা । সা পা জ্ঞা -পধা । পজ্ঞা পা -পমা মা II
হ র ষে হ র ষে রে ০ ০ "ন ০ য়া ০ ০ ন"

II { পজ্ঞা -ধা পা র্সা র্সা র্সা র্সা র্সা । র্সনা র্রা র্সা র্সা I
তা ০ প হ র ণ তৃ ষি ত ০ শ র ণ

I র্সা না ধা না । র্সা র্সর্রা -া র্সা । -না নর্সা -ধা -পা } I
জ য় তাঁ র গা ও রে

I ঙ্কপা -ধনা -র্সনা ধা । ঙ্কধা -পপা গা -মপা । মগা -মা রা -সা I
০ ০০ ০০ গ রে০ ০০ ন ন্ দে

I সা সা মা -গা । পা ঙ্কা পাঃ -পঃ । -না -ধা না -র্সা I
চি ত চা ০ ত ক জা ০ ০ ০ গো

I র্সা নর্সা র্মা গর্মা । র্রা র্সা র্সনা র্রর্সা । -র্সধা নর্সা -র্রা র্সা I
মু হু মু হু ম ধু ম০ ধু' ০০ প্রে০ ০ ম

I না ধা নর্সা না । ধা পা ঙ্কা -পধা II II
ব র ষে০ ব র ষে রে ০০

২৯

এ ভরা বাদর, মাহ ভাদর,
শূন্য মন্দির মোর।
ঝঞ্ঝা ঘন গরজন্তি সন্ততি,
ভুবন ভরি বরিখন্তিয়া।
কান্ত পাহুন, বিরহ দারুণ,
সঘনে খরশর হন্তিয়া।
কুলিশ-শত-শত-পাত-মোদিত
ময়ূর নাচত মাতিয়া।
মত্ত দাদুরী, ডাকে ডাহুকী,
ফাটি যাওত ছাতিয়া!
তিমির দিগ্ ভরি, ঘোর যামিনী,
অথির বিজুরিক পাঁতিয়া।
বিদ্যাপতি কহে, কৈছে গোঙায়বি
হরি বিনে দিন রাতিয়া॥

II রা রগা -মপা । পমা -গা । গরা গা I গরগা -গপা পা । পমা -গা । রা সা I
ভ রা০ বা দ র মা০ ভা দ র

I সরা -মা মা । পা -ধা । ধর্সা র্সণধা I ধপা -ধা -ধপা । -পমা -গা । -রগা -সা II
ন্য ম ন্ দি০ মো র্

II মা -পা পা । পনা না । না না I নর্সা -া র্সা । র্সা -র্সনা । র্সা র্সা I
ঝ০ ন্ ঝা ঘ ০ ন গ র জ০ ন্ তি স ন্ ত তি

I র্সনা র্সা র্রা । র্রা র্রজ্ঞা । জ্ঞর্রা র্সা I র্সনর্সা -নর্রা র্রর্সা । র্সা -া । -পা -া I
ভু ব ন ভ রি০ ব রি খ০ ০ন্ তি য়া ০ ০ ০

I পা -ধা ধা র্ণা -ধা । ধপা ধা I ধা ণা ধর্রা । র্রর্সা -ণা । ধা পা I
কা ন্ ত পা৹ ৹ হ ন বি র হ৹ দা ৹ রু ণ

I পা পধা ধপা । পমা জ্ঞা । জ্ঞরা সা I রা -পা পমা । মপা -া । -া -া I
স ঘ৹ নে খ র শ র হ ন্ তি য়া৹ ৹ ৹ ৹

I না না না । নর্সা র্সা । র্সা র্সা I র্সমা -া মা । মা -গপা । পা পা I
কু লি শ শ ত শ ত পা ত মো ৹৹ দি ত

I পা পধা ধপা । ধা -া । ধা না I না -র্সা র্সনা । র্সা -া । -ধা -না I
ম য়ূ৹ না চ ত মা তি য়া

I না র্সা র্সনা । র্রর্সা -া । মা মা I মা পা পমা । পা -া । পা পা I
ম য়ূ র না ৹ চ ত ম য়ূ র না ৹ চ ত

I পা ধা ধপা । ধা -া । ধা না I না -র্সা র্সনা । নর্সা -া । -া -া I
ম য়ূ র না চ ত মা তি য়া

I মা -ধা ধা র্সণা -ধা । পা ধা I ধা -ণা ণর্রা । র্রর্সা -ণা । ধা পা I
ম ৹ ত্ত দা ৹ দু রী ডা ৹ কে৹ ডা ৹ হু কী

I পা -ধা ধপা । মা -জ্ঞা । জ্ঞরা সা I রা -পা পমা । পা -া । -া -া I
ফা ৹ টি যা ৹ ও ত ছা ৹ তি য়া ৹ ৹ ৹

I পমা পা পা । পধা ধপা । মা পা I পা -পর্সা র্সা । র্সধা -পমা । মপা মজ্ঞা I
তি মি র দি৹ গ ভ রি ঘো ৹৹ র যা ৹৹ মি৹ নী৹

I জ্ঞা জ্ঞা জ্ঞমা । রা রা । সা সা I রা -পা পমা । পা -া । -া -া I
অ থি র বি জু রি ক পা ৹ তি য়া ৹ ৹ ৹

I মা -পা পা । না না । নপা না I না -র্সা র্সর্রা । [র]র্সা না । র্সা র্সা I
বি ০ দ্যা প তি কং হে কৈ ০ ছেং গো ঙা য় বি

I [স]না নর্রা [র]র্সা । [স]ণা -া । ধা পা I [প]মা -ণা ণধা । [ধ]পাঃ -মগঃ। -রগা -সা II II
হ রিং বি নে ০ দি ন রা ০.তিং য়া ০ ০ ০ ০ ০

বিদ্যাপতি-রচিত 'এ ভরা বাদর' গানের কথায় রবীন্দ্রনাথ সুর দেন। তাহারই দিনেন্দ্রনাথ -কৃত স্বরলিপি 'কেতকী'তে মুদ্রিত হইয়া আসিতেছে ; ইহাতে তেওরা তাল ব্যবহৃত হইয়াছে। ইতিপূর্বে ইহার সরলা দেবী -কৃত স্বরলিপি 'ভারতী ও বালক' পত্রে ( ১২৯৯ শ্রাবণ ) ও 'শতগান' গ্রন্থে ( ১৩০৭ বৈশাখ ) মুদ্রিত হইয়াছিল ; উল্লিখিত স্বরলিপির প্রথমটিতে গানের সপ্তম-অষ্টম ছত্র রূপকে আর অবশিষ্ট অংশ কাওয়ালিতে বিন্যস্ত, দ্বিতীয় স্বরলিপিতে ৭ মাত্রার তাল আদ্যন্ত ( ৪+৩ ) মাত্রায় ভাগ করা হয়।

৩০

আজি নাহি নাহি নিদ্রা আঁখিপাতে।
তোমার ভবনতলে, হেরি প্রদীপ জ্বলে,
দূরে বাহিরে তিমিরে আমি জাগি জোড়হাতে
ক্রন্দন ধ্বনিছে পথহারা পবনে
রজনী মূর্ছাগত বিদ্যুত-ঘাতে।
দ্বার খোলো হে দ্বার খোলো!
প্রভু, করো দয়া, দেহো দেখা দুখরাতে।

মগা মা II { পণা ণা -ধা পা । পমা জ্ঞরা -সা রা । মা পা পণা পধা । পা -া গা মা ) } I -া -া I
আ জি না ০ হি ০ না হি নি ০ ০ দ্রা আঁ খি পা ০ ০ তে ০ আ জি ০ ০

I পা পা পা পধা । ধমা পা পনা না । র্সা র্সা র্সর্জ্ঞা জ্ঞর্রা । র্সা না র্সা -া I
তো মা র ভ ০ ব ন ত ০ লে হে রি প্র ০ দী প জ্ব লে ০

I সণা ধা ণা র্জ্ঞা । জ্ঞর্রা র্রজ্ঞা জ্ঞর্সা র্রা । র্রনা র্সা ণা ধা । ধা ধা ধা ধণর্সর্রা I
দূ রে বা হি রে তি মি রে আ মি জা গি জো ড় হা তে০০০

I র্রর্সা ণধা পা মা । জ্ঞরা -সা রা -া । মা পা পণা পধা । ধপা -া মগা মা II
না হি০ না হি নি ০ ০ দ্রা ০ আঁ খি পা ০ ০ তে ০ "আ জি"

-া -া II পা -া পা পা । পনা পা পনা -া । নর্সা র্সা র্সর্জ্ঞা র্জ্ঞর্রা । র্রর্সা না র্সা -া I
০ ০ ক্র ন্ দ ন ধ্ব নি ছে০ ০ প ০ থ হা ০ রা ০ প ব নে ০

I র্সা র্সর্রা র্রা র্সা । -ণা ণা ধা ধপা । পজ্ঞা -া জ্ঞা মা । মরা -া সা -া I
র জ০ নী মূ র্ ছা গ ত বি ০ দ্যু ত ঘা ০ তে ০

I { সদা -া -া দপা । ণদা -া পা -া । মাঃ -গমঃ -পা পমা । পা -া ( -া -া )} I পা পা I
দ্বা০ ০ র্ খো লো০ ০ হে ০ দ্বা ০০ র্ খো লো ০ ০০ প্র ভু

I পা পর্জ্ঞা জর্রা র্জ্ঞা । জর্সা র্রা না র্সা । -া -া ণা ণা । ধা ধণা -র্সর্রা -া I
ক রো০ দ য়া দে হো দে খা ০ ০ দু খ রা তে০ ০ ০ ০

I র্সা ণধা পা মা । জ্ঞরা -সা রা -া । মা পা পণা -ণধা । ধপা -া মগা মা II II
না হি০ না হি নি০ ০ দ্রা ০ আঁ খি পা০ ০ তে০ ০ "আ জি"

## ৩১

গানের সুরের আসনখানি
পাতি পথের ধারে।
ওগো পথিক,
ওগো পথিক, তুমি এসে
বস্‌বে বারে বারে।
ওই যে তোমার ভোরের পাখি
নিত্য করে ডাকাডাকি,
অরুণ-আলোর খেয়ায় যখন
এস ঘাটের পারে,
মোর প্রভাতীর গানখানিতে
দাঁড়াও আমার দ্বারে।
আজ সকালে মেঘের ছায়া
লুটিয়ে পড়ে বনে,
জল ভরেছে ওই গগনের
নীল নয়নের কোণে।
আজকে এলে নতুন বেশে
তালের বনে মাঠের শেষে,
অম্‌নি চ'লে যেয়ো নাকো
গোপন সঞ্চারে।
দাঁড়িয়ো আমার মেঘলা গানের
বাদল অন্ধকারে।

II সসা -া সা সা । সরা -া গা রা I গা -া মা পা । পগা -পা পমা -া I
গা ০ নে র স্ ০ রে র আ ০ স ন খা ০ নি ০

I -া -া --গা -মা । গরা -া পা মা I পা -া -া -া । পন্‌া -া সা -া I
পা ০ তি প থে ০ ০ র্ ধা ০ রে ০

I রা -া পা মা । মপা -া -া -া I ধা -র্সা র্সা র্সধা । পা -া -মা -গা I
ও ০ গো প থি ০ ০ ক্ ও ০ গো প থি ০ ০ ক্

I গরা -গরা গা -া । মা -ধা মপা -া I পরা -গা -রা গা । গমা ধা ধপা -া I
মি এ সে স্ বে বা ০ রে

I পমা -গা রা -গরা । রসা -া সা সা I সরা -া গা রা । গা -া মা পা I
বা ০ রে ০০ গা ০ নে র সু ০ রে র আ ০ স ন্ন

I পগা পা পমা -া । -া -া -া -া I ধপা -া -ধা ধপা । পনা -ধা না -া I
খা নি ০ ০ ০ ০ ও ০ ই যে তো ০ মা র্

I নর্সা -া র্সা -া । র্সা -না র্সা -া I র্সা -া -র্গা র্গা । র্গর্রা -া র্সা -া I
ভো ০ রে র্ পা খি নি ০ ০ ত্য ক রে

I র্সা -না র্সা -নর্রা । র্রর্সা -না র্সা -া I র্সধা -া পা মা । মা -া মা -া I
ডা ০ কা ০০ ডা ০ কি ক্ষ ণ আ ০ লো র্

I মা -া মা -া । মা -া মা -া I সা -মা মা -া । মা -গা গপা পজ্ঞা I
খে ০ য়া য়্, য ০ খ ন্ এ ০ স ০ ঘা ০ টে র

I পা -জ্ঞা ধপা -া । -া -া -া -া I পধা -র্সা -া র্সা । র্সধা -া পা -জ্ঞা I
পা ০ রে ০ ০ ০ ০ মো ০ র্ প্র ভা ০ তী র্

I জ্ঞপা -জ্ঞা -ধা ধপা । পা -মা মা -া I মসা -া মা -া । -া -া -া -া I
গা ০ ন্ খা নি ০ তে ০ দাঁ ০ ড়া ০ ০ ০ ০ ও

I মগা -া পা -া । -া -া -া -া I ধা -না -র্সা -র্রা । র্রর্সা -না -ধা -পা II
আ ০ মা ০, ০ ০ ০ র্ দ্বা ০ ০ ০ রে ০ ০ ০

II { সা -া -া সা । সা -া সা -া I প্‌া -সা সা -া । সা -া সা -া I
আ ০ জ্ স কা ০ লে ০ মে ০ ঘে র্ ছা ০ য়া ০

I সা সা সা -রা । রা -া রা -গা I রগা -মা মা -া । -া -া -া -গা I
লু টি য়ে প ০ ড়ে নে ০ ০ ০ ০

I গরা -া -মা মা । মা -া মা -া I গমা -গা -পা পা । পা -হ্মা ধপা -া I
জ ০ ল্ ভ রে ০ ছে ০ ও ০ ই গ গ ০ নে র্

I ধা -া -র্সা র্সা । র্সধা -া পা -হ্মা I ধপা -া মা -া । -া -া -া -া } I
নী ০ ল্ ন য় ০ নে র্ কো ০ ণে ০ ০ ০

I মপা -া -ধা পা । পনা -ধা না -া I নর্সা -া র্সা -া । র্সা -না র্রর্সা -া I
আ ০ জ্ কে এ ০ লে ন ০ তু ন্ বে শে

I র্সা -র্গা র্গা -া । র্গর্রা -া র্সা -া I না -র্রা র্রর্সা -া । র্সা -না র্রর্সা -া I
তা ০ লে র্ ব ০ নে ০ মা ০ ঠে র্ শে ০ ষে ০

I ধা -া -পা পা । পমা -া মা -া I মা -া মা -া । মা -া মা -া I
অ ০ ম্ নি চ ০ লে ০ যে ০ য়ো ০ না ০ কো ০

I সা -মা মা -া । মা -গপা পা -হ্মা I হ্মপা -হ্মা ধপা -া । -া -া -া -া I
গো ০ প ০ ন ০ ০ স ন্ চা রে

I ধা র্সা র্সা -া । র্সধা -া পা -হ্মা I হ্মপা -হ্মা -ধা ধপা । পা -মা মা -া I
দাঁ ড়ি য়ো ০ আ ০ মা র্ মে ০ ঘ্ লা গা ০ নে র্

I মসা -া মা -া । মা -গা পা পা I ধা -না -র্সা -র্রা । র্রর্সা -না -ধা -পা II II
বা দ ল্ অ ০ ন্ ধ কা ০ ০ রে ০ ০

প্রকাশক শ্রীপুলিনবিহারী সেন
বিশ্বভারতী। ৬।৩ দ্বারকানাথ ঠাকুর লেন, কলিকাতা

মুদ্রাকর শ্রীগোপালচন্দ্র রায়
নাভানা প্রিন্টিং ওআর্ক্‌স্‌ লিঃ। পি ১৬ গণেশচন্দ্র অ্যাভিনিউ, কলিকাতা

এই গ্রন্থে মুদ্রিত প্রথম গানের সুর মূলতঃ শ্রীমতী ইন্দিরা দেবী কর্তৃক সংগৃহীত; প্রথম স্বরলিপিটি 'নাদবিদ্যা পরব্রহ্মরস' এই মূল হিন্দি গানের অনুসরণে রচিত। এই রবীন্দ্রসংগীতের কথা ১৩০৩ সালের 'কাব্যগ্রন্থাবলী'তে বা প্রচলিত গীতবিতানেও যেরূপ মুদ্রিত আছে, তাহা হইতে সূচনাংশ ও বর্ষাবর্ণনাটুকুই 'কেতকী'তে মুদ্রিত হইয়া আসিতেছে; অনুরূপভাবে শরৎ-বর্ণনা 'শেফালি'তে মুদ্রিত আছে। বসন্ত বর্ষা ও শরৎ প্রকৃতির বর্ণনাঢ্য সম্পূর্ণ গানের স্বরলিপি 'স্বরলিপি-গীতিমালা' ( ১৩০৪ ) ও 'শতগান' ( ১৩০৭ ) গ্রন্থে পাওয়া যাইবে। বর্তমান গ্রন্থের স্বরলিপিতে উক্ত দুইটি স্বরলিপি হইতে কিছু কিছু পার্থক্য আছে।
চতুর্দশ-সংখ্যক গানটির 'কে দিল আবার আঘাত আমার দুয়ারে' এই প্রথম ছত্রটি সম্পূর্ণই স্বরান্ত অর্থাৎ হসন্ত-বর্জিত করিয়া গাহিবার একটি রীতি ছিল; 'বীণাবাদিনী' ( ১৩০৫ ) পত্রিকায় সেইরূপ স্বরলিপিই দৃষ্ট হয়।

মুদ্রণকালে স্বরলিপি-অংশে কোনো কোনো অক্ষরে হস্-চিহ্ন ভাঙিয়া গিয়াছে। অনাবশ্যক বোধে ঐগুলি শুদ্ধিপত্রে উল্লিখিত হইল না; স্বরলিপি-অংশে হাইফেন থাকিলে তাহার নিম্নবর্তী অক্ষরে হস্-চিহ্ন না থাকিলেও তাহা হসন্ত উচ্চারিত হইবে।

| পৃষ্ঠা | পংক্তি | অশুদ্ধ | শুদ্ধ |
|---|---|---|---|
| ৩৮ | ৬ | মা -গা -পমা<br>এ | র্মা -গা -পর্মা<br>এ ০ ০০ |
| ৪০ | ৪ | মা মা<br>দী প | মা -া<br>দী প্ |
| ৪৮ | ৪ | ণ্ধ্ণ্া -পা পা ন্া<br>হা০০ য়্ গ্ তি | ণ্ধ্ণ্া -প্া প্া ন্া<br>হা০০ য়্ গ তি |
| ৫২ | ১ | সা -া<br>য়্ | সা -া<br>বা য়্ |

| পৃষ্ঠা | পংক্তি | অশুদ্ধ | শুদ্ধ |
|---|---|---|---|
| ৮০ | ৫ | পজ্ঞা পা -পমা মা II<br>"ন ০ য়া ০০ ন" | পজ্ঞা পা. -পগা মা II<br>"ন ০ .য়া ০ ০ ন" |
| ৮১ | ৪ | ধা পা জ্ঞা -পধা II II<br>র যে রে ০৹ | ধা পা জ্ঞা -পধা । পজ্ঞা পা -পগা মা II II<br>র যে রে ০০ "ন ০ য়া ০ ০ ন" |
| ৮২ | ১ | ॥<br>গা<br>র | [রা]<br>গা |
| ৮৪ | ২ | সণা<br>নে | র্সণা<br>নে |
| ৮৫ | ১ | গা মা ) }<br>আ জি | ( গা মা ) }<br>আ জি |
| ৮৫ | ৫ | পনা<br>ধব | পমা |
| ৮৯ | ৬ | র্সা -র্গা র্গা -া<br>তা ০ লে র্ | র্সা -র্গা র্গা র্গা<br>তা ০ লে র |
| ৮৯ | ৬ | না -র্রা র্রর্সা -া<br>মা ০ ঠে র্ | না র্রা র্রর্সা র্সা<br>মা ০ . ঠে র |
| ৮৯ | ৬ | র্সা -না র্রর্সা -া<br>শে ০ যে ০ | র্সা -না র্রর্সা -ধা<br>শে ০ যে ০ |

STATE CENTRAL LIBRARY
WEST BENGAL

স্বরবিতান ১২

# তাসের দেশ

## রবীন্দ্রনাথ ঠাকুর

বিশ্বভারতী গ্রন্থালয়
২ বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় স্ট্রীট । কলিকাতা

শ্রীশান্তিদেব ঘোষ -কৃত স্বরলিপি

'খরবায়ু বয় বেগে' গানের স্বরলিপি দিনেন্দ্রনাথ ঠাকুর -কৃত ও স্বরবিতান তৃতীয় খণ্ড হইতে গৃহীত। 'কেন নয়ন আপনি ভেসে যায়' গানটি বর্তমান গ্রন্থে অংশতঃ ব্যবহৃত হইয়াছে; সম্পূর্ণ গানটির স্বরলিপি স্বরবিতান দশম খণ্ডে মুদ্রিত আছে।

'তাসের দেশ' ১৩৪০ সালের ভাদ্র মাসে প্রথম প্রকাশিত হয়। 'সংশোধিত ও পরিবর্ধিত' দ্বিতীয় সংস্করণ ১৩৪৫ সালের মাঘ মাসে প্রকাশিত। অভিনয়ার্থী ও গীতশিক্ষার্থীদের সুবিধার জন্য বর্তমান মুদ্রণে নাটক ও স্বরলিপি একই গ্রন্থে মুদ্রিত হইল।

স্বরলিপি-সংবলিত সংস্করণ : ভাদ্র ১৩৫৭

পুনর্মুদ্রণ আশ্বিন ১৩৬৬ বঙ্গাব্দ : ১৮৮১ শকাব্দ

১১৪৮

STATE CENTRAL LIBRARY

WEST BENGAL

CALCUTTA

১০.৩.৬১

প্রকাশক শ্রীপুলিনবিহারী সেন

বিশ্বভারতী। ৬/৩ দ্বারকানাথ ঠাকুর লেন। কলিকাতা ৭

মুদ্রাকর শ্রীদেবেন্দ্রনাথ বাগ

ব্রাহ্মমিশন প্রেস। ২১১ কর্নওয়ালিস স্ট্রীট। কলিকাতা ৬

২.১

# উৎসর্গ

কল্যাণীয় শ্রীমান সুভাষচন্দ্র

স্বদেশের চিত্তে নূতন প্রাণসঞ্চার করবার পুণ্যব্রত তুমি গ্রহণ করেছ, সেই কথা স্মরণ ক'রে, তোমার নামে 'তাসের দেশ' নাটিকা উৎসর্গ করলুম।

মাঘ ১৩৪৫
শান্তিনিকেতন

রবীন্দ্রনাথ ঠাকুর

খরবায়ু বয় বেগে, চারি দিক ছায় মেঘে,
ওগো নেয়ে, নাওখানি বাইয়ো।
তুমি কষে ধরো হাল, আমি তুলে বাঁধি পাল—
হাঁই মারো, মারো টান হাঁইয়ো॥
শৃঙ্খলে বারবার ঝন্‌ঝন্‌ ঝঙ্কার
নয় এ তো তরণীর ক্রন্দন শঙ্কার;
বন্ধন দুর্বার সহ্য না হয় আর,
টলোমলো করে আজ তাই ও।
হাঁই মারো, মারো টান হাঁইয়ো॥
গণি গণি দিন খন চঞ্চল করি মন
বোলো না 'যাই কি নাই যাই রে'।
সংশয়পারাবার অন্তরে হবে পার,
উদ্‌বেগে তাকায়ো না বাইরে।
যদি মাতে মহাকাল, উদ্দাম জটাজাল
ঝড়ে হয় লুণ্ঠিত, ঢেউ উঠে উত্তাল,
হোয়ো নাকো কুণ্ঠিত, তালে তার দিয়ো তাল,
জয়-জয় জয়গান গাইয়ো।
হাঁই মারো, মারো টান হাঁইয়ো॥

## প্রথম দৃশ্য

### রাজপুত্র ও সদাগর পুত্র

রাজপুত্র। আর তো চলছে না বন্ধু।

সদাগর। কিসের চাঞ্চল্য তোমার রাজকুমার।

রাজপুত্র। কেমন ক'রে বলব। কিসের চাঞ্চল্য বলো দেখি ঐ হাঁসের দলের, বসন্তে যারা ঝাঁকে ঝাঁকে চলেছে হিমালয়ের দিকে।

সদাগর। সেখানে যে ওদের বাসা।

রাজপুত্র। বাসা যদি, তবে ছেড়ে আসে কেন। না না, ওড়বার আনন্দ, অকারণ আনন্দ।

সদাগর। তুমি উড়তে চাও?

রাজপুত্র। চাই বই-কি।

সদাগর। বুঝতেই পারি নে তোমার কথা। আমি তো বলি, অকারণ ওড়ার চেয়ে সকারণ খাঁচায় বন্ধ থাকাও ভালো।

রাজপুত্র। সকারণ বলছ কেন।

সদাগর। আমরা-যে সোনার খাঁচায় থাকি শিকলে বাঁধা, দানাপানির লোভে।

রাজপুত্র। তুমি বুঝতে পারবে না, বুঝতে পারবে না।

সদাগর। আমার ও দোষটা আছে, যা বোঝা যায় না তা আমি বুঝতেই পারি নে। একটু স্পষ্ট করেই বলো-না, কী তোমার অসহ্য হল।

রাজপুত্র। রাজবাড়ির এই একঘেয়ে দিনগুলো।

সদাগর। একঘেয়ে বল তাকে? কত রকম আয়োজন, কত উপকরণ।

রাজপুত্র। নিজেকে মনে হয় যেন সোনার মন্দিরে পাথরের দেবতা। কানের কাছে কেবল একই আওয়াজে বাজছে শঙ্খ কাঁসর ঘণ্টা। নৈবেদ্যের বাঁধা বরাদ্দ, কিন্তু ভোগে রুচি নেই। এ কি সহ্য হয়।

সদাগর। আমাদের মতো লোকের তো খুবই সহ্য হয়। ভাগ্যিস বাঁধা বরাদ্দ। বাঁধন ছিঁড়লেই তো মাথায় হাত দিয়ে পড়তে হয়। যা পাই তাতেই আমাদের ক্ষুধা মেটে। আর, যা পাও না তাই দিয়েই তোমরা মনে মনে ক্ষুধা মেটাতে চাও।

রাজপুত্র। আর, রোজ রোজ ঐ-যে চারণদের স্তব শুনতে হয় একই বাঁধা ছন্দে— সেই শার্দূলবিক্রীড়িত।

সদাগর। আমার তো মনে হয়, স্তব জিনিসটা বারবার যতই শোনা যায় ততই লাগে ভালো। কিছুতেই পুরোনো হয় না।

রাজপুত্র। ঘুম ভাঙতেই সেই এক বৈতালিকের দল। আর, রোজ সকালে সেই এক পুরুতঠাকুরের ধান দূর্বা দিয়ে আশীর্বাদ। আর, আসতে-যেতে দেখি সেই বুড়ো কঞ্চুকীটা কাঠের পুতুলের মতো খাড়া দাঁড়িয়ে আছে দরজার পাশে। কোথাও যাবার জন্যে একটু পা বাড়িয়েছি কি অমনি কোথা থেকে প্রতিহারী এসে হাজির, বলে— ইত ইতো, ইত ইতো, ইত ইতো। সব্বাই মিলে মনটাকে যেন বুলি-চাপা দিয়ে রেখেছে।

সদাগর। কেন, মাঝে মাঝে যখন শিকারে যাও তখন বুনো জন্তু ছাড়া আর কোনো উৎপাত তো থাকে না।

রাজপুত্র। বুনো জন্তু বল কাকে। আমার তো সন্দেহ হয়, রাজশিকারী বাঘগুলোকে আফিম খাইয়ে রাখে। ওরা যেন অহিংস্রনীতির দীক্ষা নিয়েছে। এ-পর্যন্ত একটাকেও তো ভদ্ররকম লাফ মারতে দেখলুম না।

সদাগর। যাই বল, বাঘের এই আচরণকে আমি তো অসৌজন্য বলে মনে করি নে। শিকারে যাবার ধুমধামটা সম্পূর্ণই থাকে, কেবল বুক দুর্‌দুর্‌ করে না।

রাজপুত্র। সেদিন ভালুকটাকে বহুদূর থেকে তীর বিঁধেছিলুম, তা নিয়ে চার দিক থেকে ধন্য ধন্য পড়ে গেল; বললে, রাজপুত্রের লক্ষ্যভেদের কী নৈপুণ্য! তার পরে কানাকানিতে শুনলুম, একটা মরা ভালুকের চামড়ার মধ্যে খড়বিচিলি ভরে দিয়ে সাজিয়ে রেখেছিল। এতবড়ো পরিহাস সহ্য করতে পারি নি। শিকারীকে কারাদণ্ডের আদেশ করে দিয়েছি।

সদাগর। তার উপকার করেছ। তার সে কারাগারটা রানীমার অন্দরমহলের সংলগ্ন, সে দিব্যি সুখে আছে। এই তো সেদিন, তার জন্য তিন মোন ঘি আর তেত্রিশটা পাঁঠা পাঠিয়ে দিয়েছি আমাদের গদি থেকে।

রাজপুত্র। এর অর্থ কী।

সদাগর। সে ভালুকটার সৃষ্টি যে রানীমারই আদেশে।

রাজপুত্র। ঐ তো। আমরা পড়েছি অসত্যের বেড়াজালে। নিরাপদের খাঁচায় থেকে থেকে আমাদের ডানা আড়ষ্ট হয়ে গেল। আগাগোড়া সবই অভিনয়।

আমাকে যুবরাজী সঙ বানিয়েছে। আমার এই রাজসাজ ছিঁড়ে ফেলতে ইচ্ছে করছে। ঐ-যে ফসলখেতে ওদের চাষ করতে দেখি, আর ভাবি, পূর্বপুরুষের পুণ্যে ওরা জন্মেছে চাষী হয়ে।

সদাগর। আর, ওরা তোমার কথা কী ভাবে সে ওদের জিজ্ঞাসা করে দেখো দেখি। রাজপুত্র, তুমি কী-সব বাজে কথা বলছ— মনের আসল কথাটা লুকিয়েছ। ওগো পত্রলেখা, আমাদের রাজপুত্রের গোপন কথাটি হয়তো তুমিই আন্দাজ করতে পারবে, একবার সুধিয়ে দেখো-না।

পত্রলেখার প্রবেশ

গান

পত্রলেখা। গোপন কথাটি রবে না গোপনে,
উঠিল ফুটিয়া নীরব নয়নে—
রাজপুত্র। না না না, রবে না গোপনে।
পত্রলেখা। বিভল হাসিতে
বাজিল বাঁশিতে,
স্ফুরিল অধরে নিভৃত স্বপনে—
রাজপুত্র। না না না, রবে না গোপনে।
পত্রলেখা। মধুপ গুঞ্জরিল,
মধুর বেদনায় আলোক-পিয়াসি
অশোক মুঞ্জরিল।
হৃদয়শতদল
করিছে টলমল
অরুণ প্রভাতে করুণ তপনে—
রাজপত্র। না না না, রবে না গোপনে।

রাজপুত্র। আছে আমার গোপন কথা, সে কথাটা গোপন রয়েছে দূরের আকাশে। সমুদ্রের ধারে বসে থাকি পশ্চিম দিগন্তের দিকে চেয়ে। সেইখানে আমার অদৃষ্ট যা যক্ষের ধনের মতো গোপন ক'রে রেখেছে যাব তারই সন্ধানে।

গান

যাবই আমি যাবই, ওগো,

বাণিজ্যেতে যাবই।

লক্ষ্মীরে হারাবই যদি

অলক্ষ্মীরে পাবই।

সদাগর। ও কী কথা। বাণিজ্য ? ও-যে তুমি সদাগরের মন্ত্র আওড়াচ্ছ।

রাজপুত্র। সাজিয়ে নিয়ে জাহাজখানি

বসিয়ে হাজার দাঁড়ি

কোন্ পুরীতে যাব দিয়ে

কোন্ সাগরে পাড়ি।

কোন্ তারকা লক্ষ্য করি

কূল-কিনারা পরিহরি

কোন্ দিকে যে বাইব তরী

বিরাট কালো নীরে—

মরব না আর ব্যর্থ আশায়

সোনার বালুর তীরে।

সদাগর। অকূলের নাবিকগিরি ক'রে নিরুদ্দেশ হওয়া, এ তো বাণিজ্যের রাস্তা নয় খবর কিছু পেয়েছ কি।

রাজপুত্র। পেয়েছি বইকি। পেয়েছি আভাসে, পেয়েছি স্বপ্নে।

নীলের কোলে শ্যামল সে দ্বীপ

প্রবাল দিয়ে ঘেরা।

শৈলচূড়ায় নীড় বেঁধেছে

সাগর-বিহঙ্গেরা।

নারিকেলের শাখে শাখে

ঝোড়ো বাতাস কেবল ডাকে,

ঘন বনের ফাঁকে ফাঁকে

বইছে নগনদী।

সাত রাজার ধন মানিক পাব

সেথায় নামি যদি॥

সদাগর। তোমার গানের সুরে বোঝা যাচ্ছে, এ মানিকটি তো সদাগরি মানিক নয়— এ মানিকের নাম বলো তো।

রাজপুত্র। নবীনা! নবীনা!

সদাগর। নবীনা! এতক্ষণে একটা স্পষ্ট কথা পাওয়া গেল।

রাজপুত্র। স্পষ্ট হয়ে রূপ নিতে এখনো দেরি আছে।

গান

হে নবীনা, হে নবীনা,
প্রতিদিনের পথের ধুলায় যায় না চিনা।
শুনি বাণী ভাসে
বসন্তবাতাসে,
প্রথম জাগরণে দেখি সোনার মেঘে লীনা।

সদাগর। তোমার এ স্বপ্নের ধন কিন্তু সংগ্রহ করা শক্ত হবে।

রাজপুত্র

স্বপনে দাও ধরা
কী কৌতুকে ভরা।
কোন্ অলকার ফুলে
মালা সাজাও চুলে,
কোন্ অজানার সুরে
বিজনে বাজাও বীণা।

রাজমাতার প্রবেশ

সদাগর। রানীমা, উনি মরীচিকাকে জাল ফেলে ধরবেন, উনি রূপকথার দেশের সন্ধান পেতে চান।

মা। সে কী কথা। আবার ছেলেমানুষ হতে চাস নাকি।

রাজপুত্র। হাঁ মা, বুড়োমানুষির সুবুদ্ধি-ঘেরা জগতে প্রাণ হাঁপিয়ে উঠেছে।

মা। বুঝেছি বাছা, আসলে তোমার অভাবটা অভাবেরই অভাব। পাওয়া জিনিসে তোমার বিতৃষ্ণা জন্মেছে। তুমি চাইতে চাও, আজ পর্যন্ত সে সুযোগ তোমার ঘটে নি।

গান

রাজপুত্র। আমার মন বলে, 'চাই চা ই চাই গো
যারে নাহি পা ই গো।'
সকল পাওয়ার মাঝে
আমার মনে বেদন বাজে,
'না ই, না ই নাই গো।'
হারিয়ে যেতে হবে,
আমায় ফিরিয়ে পাব তবে।
সন্ধ্যাতারা যায় যে চলে
ভোরের তারায় জাগবে ব'লে,
বলে সে, 'যা ই যা ই যাই গো।'

মা। বাছা, তোমাকে ধরে রাখতে গেলেই হারাব। তুমি বইতে পারবে না আরামের বোঝা, সইতে পারবে না সেবার বন্ধন। আমি ভয় ক'রে অকল্যাণ করব না। ললাটে দেব শ্বেতচন্দনের তিলক, শ্বেত উষ্ণীষে পরাব শ্বেতকরবীর গুচ্ছ। যাই কুলদেবতার পুজো সাজাতে। সন্ধ্যার সময় আরতির কাজল পরাব চোখে। পথে দৃষ্টির বাধা যাবে কেটে।

রাজমাতার প্রস্থান

গান

রাজপুত্র। হেরো, সাগর উঠে তরঙ্গিয়া,
বাতাস বহে বেগে।
সূর্য যেথায় অস্তে নামে
ঝিলিক মারে মেঘে।
দক্ষিণে চাই, উত্তরে চাই,
ফেনায় ফেনা, আর কিছু নাই-
যদি কোথাও কূল নাহি পাই
তল পাব তো তবু।
ভিটার কোণে হতাশ-মনে
রইব না আর কভু।

অকূল-মাঝে ভাসিয়ে তরী
যাচ্ছি অজানায়।
আমি শুধু একলা নেয়ে
আমার শূন্য নায়।
নব নব পবন-ভরে
যাব দ্বীপে দ্বীপান্তরে,
নেব তরী পূর্ণ ক'রে
অপূর্ব ধন যত—
ভিখারি মন ফিরবে যখন
ফিরবে রাজার মতো।

## দ্বিতীয় দৃশ্য

রাজপুত্র ও সদাগরপুত্র

রাজপুত্র। এক ডাঙা থেকে দিলেম পাড়ি, তরী ডুবল মাঝ-সমুদ্রে, ভেসে উঠলেম আর-এক ডাঙায়। এতদিন পরে মনে হচ্ছে, জীবনে নতুন পর্ব শুরু হল।

সদাগর। রাজপুত্র, তুমি তো কেবলই নতুন নতুন করে অস্থির হলে। আমি ভয় করি ঐ নতুনকেই। যাই বল বন্ধু, পুরোনোটা আরামের।

রাজপুত্র। ব্যাঙের আরাম এঁদো কুয়োর মধ্যে। এটা বুঝলে না, উঠে এসেছি মরণের তলা থেকে। যম আমাদের ললাটে নতুন জীবনের তিলক পরিয়ে দিলেন।

সদাগর। রাজতিলক তোমার ললাটে তো নিয়েই এসেছ জন্মমুহূর্তে।

রাজপুত্র। সে তো অদৃষ্টের ভিক্ষেদানের ছাপ। যমরাজ মহাসমুদ্রের জলে সেটা কপাল থেকে মুছে দিয়ে হুকুম করেছেন, নতুন রাজ্য নতুন শক্তিতে জয় করে নিতে হবে, নতুন দেশে।—

গান

এলেম নতুন দেশে।
তলায় গেল ভগ্ন তরী, কূলে এলেম ভেসে।
অচিন মনের ভাষা
শোনাবে অপূর্ব কোন্ আশা,
বোনাবে রঙিন সুতোয় দুঃখসুখের জাল,
বাজবে প্রাণে নতুন গানের তাল,
নতুন বেদনায় ফিরব কেঁদে হেসে।
নাম-না-জানা প্রিয়া
নাম-না-জানা ফুলের মালা নিয়া
হিয়ায় দেবে হিয়া।
যৌবনেরই নবোচ্ছ্বাসে
ফাগুনমাসে
বাজবে নূপুর ঘাসে ঘাসে,
মাতবে দখিনবায়

মঞ্জরিত লবঙ্গলতায়

চঞ্চলিত এলোকেশে ॥

সদাগর। রাজপুত্র, তোমার গানের সুরে কথাটা শোনাচ্ছে ভালো। কিন্তু, জিজ্ঞাসা করি, এ দেশে যৌবনের নবীন রূপ দেখলে কোথায়। চারি দিকটা তো একবার ঘুরে এসেছি। দেখে মনে হল, যেন ছুতোরের তৈরি কাঠের কুঞ্জবন। দেখলুম, ওরা চৌকো চৌকো কেঠো চালে চলেছে, বুকে পিঠে চ্যাপটা। পা ফেলছে খিট্‌খুট্‌ খিট্‌খুট্‌ শব্দে, বোধ করি চৌকুনি নূপুর পরেছে পায়ে, তৈরি সেটা তেঁতুল-কাঠে। এই মরা দেশকে কি বলে নতুন দেশ।

রাজপুত্র। এর থেকেই বুঝবে, জিনিসটা সত্যি নয়, এটা বানানো, এটা উপর থেকে চাপানো, এদের দেশের পণ্ডিতদের হাতে-গড়া খোলোস। আমরা এসেছি কী করতে— খসিয়ে দেব। ভিতর থেকে প্রাণের কাঁচা রূপ যখন বেরিয়ে পড়বে, আশ্চর্য করে দেবে।

সদাগর। আমরা সদাগর মানুষ, যা পষ্ট দেখি তার থেকেই দর যাচাই করি। আর, যা দেখতে পাও না তারই উপর তোমাদের বিশ্বাস। আচ্ছা, দেখা যাক, ছাইয়ের মধ্যে থেকে আগুন বেরোয় কি না। আমার তো মনে হয়, ফুঁ দিতে দিতে দম ফুরিয়ে যাবে। ঐ দেখো না, এই দিকেই আসছে— এ যেন মরা দেহে ভূতের নৃত্য।

রাজপুত্র। একটু সরে দাঁড়ানো যাক। দেখি-না কাণ্ডটা কী।

তাসের দলের প্রবেশ। তাসের কাওয়াজ

গান

তাসের দল।

তোলোন নামোন
পিছন সামন।
বাঁয়ে ডাইনে
চাই নে, চাই নে।
বোসোন ওঠোন
ছড়ান গুটোন।
উল্‌টো-পাল্‌টা
ঘূর্ণি চালটা—
বাস্‌! বাস্‌! বাস্‌!

সদাগর। দেখছ ব্যাপারটা! লাল উর্দি, কালো উর্দি, উঠছে পড়ছে, শুচ্ছে বসছে, একেবারে অকারণে— ভারি অদ্ভুত। হা হা হা হা!

ছক্কা। এ কী ব্যাপার! হাসি!

পঞ্জা। লজ্জা নেই তোমাদের! হাসি!

ছক্কা। নিয়ম মান না তোমরা! হাসি!

রাজপুত্র। হাসির তো একটা অর্থ আছে। কিন্তু, তোমরা যা করছিলে তার অর্থ নেই যে।

ছক্কা। অর্থ? অর্থের কী দরকার। চাই নিয়ম। এটা বুঝতে পার না? পাগল নাকি তোমরা!

রাজপুত্র। খাঁটি পাগল তো চেনা সহজ নয়। চিনলে কী করে।

পঞ্জা। চাল চলন দেখে।

রাজপুত্র। কিরকম দেখলে!

ছক্কা। দেখলেম, কেবল চলনটাই আছে তোমাদের, চালটা নেই।

সদাগর। আর, তোমাদের বুঝি চালটাই আছে, চলনটা নেই?

পঞ্জা। জান না, চালটা অতি প্রাচীন, চলনটাই আধুনিক, অপোগণ্ড, অর্বাচীন, অজাতশ্মশ্রু।

ছক্কা। গুরুমশায়ের হাতে মানুষ হও নি। কেউ বুঝিয়ে দেয় নি, রাস্তায় ঘাটে খানা আছে, ডোবা আছে, কাঁটা আছে, খোঁচা আছে— চলন জিনিসটার আপদ বিস্তর।

রাজপুত্র। এ দেশটা তো গুরুমশায়েরই দেশ। শরণ নেব তাঁদের।

ছক্কা। এবার তোমাদের পরিচয়টা?

রাজপুত্র। আমরা বিদেশী।

পঞ্জা। বাস্। আর বলতে হবে না। তার মানে, তোমাদের জাত নেই, কুল নেই, গোত্র নেই, গাঁই নেই, জ্ঞাত নেই, গুষ্টি নেই, শ্রেণী নেই, পংক্তি নেই।

রাজপুত্র। কিছু নেই, কিছু নেই; সব বাদ দিয়ে এই যা আছে, দেখছই তো। এখন তোমাদের পরিচয়টা?

ছক্কা। আমরা ভুবনবিখ্যাত তাসবংশীয়। আমি ছক্কা শর্মণ।

পঞ্জা। আমি পঞ্জা বর্মণ।

রাজপুত্র। ঐ যারা সংকোচে দূরে দাঁড়িয়ে?

ছক্কা। কালো-হানো, ঐ তিরি ঘোষ।

পঞ্জা। আর, রাঙা-মতো এই ছুরি দাস।

সদাগর। তোমাদের উৎপত্তি কোথা থেকে।

ছক্কা। ব্রহ্মা হয়রান হয়ে পড়লেন সৃষ্টির কাজে। তখন বিকেলবেলাটায় প্রথম যে হাই তুললেন, পবিত্র সেই হাই থেকে আমাদের উদ্ভব।

পঞ্জা। এই কারণে কোনো কোনো ম্লেচ্ছভাষায় আমাদের তাসবংশীয় না ব'লে হাইবংশীয় বলে।

সদাগর। আশ্চর্য।

ছক্কা। শুভ গোধূলিলগ্নে পিতামহ চার মুখে একসঙ্গে তুললেন চার হাই।

সদাগর। বাস্ রে। ফল হল কী।

ছক্কা। বেরিয়ে পড়ল ফস্ ফস্ করে ইস্কাবন, রুইতন, হরতন, চিঁড়েতন। এঁরা সকলেই প্রণম্য। ( প্রণাম )

রাজপুত্র। সকলেই কুলীন ?

ছক্কা। কুলীন বইকি। মুখ্য কুলীন। মুখ থেকে উৎপত্তি।

পঞ্জা। তাসবংশের আদি কবি ভগবান তাসরঙ্গনিধি দিনের চার প্রহর ঘুমিয়ে স্বপ্নের ঘোরে প্রথম যে ছন্দ বানালেন সেই ছন্দের মাত্রা গুনে গুনে আমাদের সাড়ে-সাঁইত্রিশ রকমের পদ্ধতির উদ্ভব।

রাজপুত্র। অন্তত তার একটাও তো জানা চাই।

পঞ্জা। আচ্ছা, তা হলে মুখ ফেরাও।

রাজপুত্র। কেন।

পঞ্জা। নিয়ম। ভাই ছক্কা, ঠুং-মন্ত্র প'ড়ে ওদের কানে একটা ফুঁ দিয়ে দাও।

রাজপুত্র। কেন।

পঞ্জা। নিয়ম।

তাসের দলের গান

হা-আ-আ-আই !
হাতে কাজ নাই।
দিন যায়, দিন যায়।
আয় আয় আয় আয়।
হাতে কাজ নাই॥

রাজপুত্র। আর সহ্য করতে পারছি নে, মুখ ফেরাতে হল।

পঞ্জা। এঃ! ভেঙে দিলে মন্ত্রটা! অশুচি করে দিলে!

রাজপুত্র। অশুচি?

পঞ্জা। অশুচি নয় তো কী। মন্ত্রের মাঝখানটায় বিদেশীর দৃষ্টি পড়ল।

রাজপুত্র। এখন উপায়?

ছক্কা। বাদুড়ে-খাওয়া গাবের আঁটি পুড়িয়ে তিন দিন চোখে কাজল পরতে হবে, তবেই স্বর্গে পিতামহদের উপোস ভাঙবে।

রাজপুত্র। বিপদ ঘটিয়েছি তো। তোমাদের দেশে খুব সাবধানে চলতে হবে।

ছক্কা। একেবারে না চললেই ভালো হয়, শুচি থাকতে পারবে।

রাজপুত্র। শুচি থাকলে কী হয়।

পঞ্জা। কী আর হবে, শুচি থাকলে শুচি হয়। বুঝতে পারছ না?

রাজপুত্র। আমাদের পক্ষে বোঝা অসম্ভব। একটা কথা জিজ্ঞাসা করি, ঐ পাড়ির উপরে কী করছিলে দল বেঁধে।

ছক্কা। যুদ্ধ।

রাজপুত্র। তাকে বলে যুদ্ধ?

। নিশ্চয়! অতি বিশুদ্ধ নিয়মে। তাসবংশোচিত আচার-অনুসারে।

গান

আমরা চিত্র, অতি বিচিত্র,
অতি বিশুদ্ধ, অতি পবিত্র।

সদাগর। তা হোক। যুদ্ধে একটু রাগারাগি না হলে রস থাকে না।

ছক্কা। আমাদের রাগ রঙে।

আমাদের যুদ্ধ—
নহে কেহ ক্রুদ্ধ,
ওই দেখো গোলাম
অতিশয় মোলাম।

সদাগর। তা হোক-না, তবু কামান-বন্দুকটা যুদ্ধক্ষেত্রে মানায় ভালো।

পঞ্চা। নাহি কোনো অস্ত্র,
খাকি-রাঙা বস্ত্র।
নাহি লোভ,
নাহি ক্ষোভ।
নাহি লাফ,
নাহি ঝাঁপ।

রাজপুত্র। নাই রইল, তবু একটা নালিশ থাকা চাই তো। তাই নিয়েই তো দুই পক্ষে লড়াই।

ছক্কা। যথারীতি জানি,
সেইমতে মানি।
কে তোমার শত্রু, কে তোমার মিত্র।
কে তোমার টক্কা, কে তোমার ফক্কা॥

পঞ্জা। ওহে বিদেশী, শাস্ত্রমতে তোমাদেরও তো একটা উৎপত্তি ঘটেছিল?

সদাগর। নিশ্চিত। পিতামহ ব্রহ্মা সৃষ্টির গোড়াতেই সূর্যকে যেই শানে চড়িয়েছেন অমনি তাঁর নাকের মধ্যে ঢুকে পড়ল একটা আগুনের স্ফুলিঙ্গ। তিনি কামানের মতো আওয়াজ ক'রে হেঁচে ফেললেন— সেই বিশ্ব-কাঁপানি হাঁচি থেকেই আমাদের উৎপত্তি।

ছক্কা। এখন বোঝা গেল! তাই এত চঞ্চল!

রাজপুত্র। স্থির থাকতে পারি নে, ছিটকে ছিটকে পড়ি।

পঞ্জা। সেটা তো ভালো নয়।

সদাগর। কে বলছে ভালো। আদিযুগের সেই হাঁচির তাড়া আজও সামলাতে পারছি নে।

ছক্কা। একটা ভালো ফল দেখতে পাচ্ছি— এই হাঁচির তাড়ায় তোমরা সকাল-সকাল এই দ্বীপ থেকে ছিটকে পড়বে, টিঁকতে পারবে না।

সদাগর। টেঁকা শক্ত।

পঞ্জা। তোমাদের যুদ্ধটা কী ধরনের।

সদাগর। সেটা দুই-দুই পক্ষের চার-চার জোড়া হাঁচির মাপে।

ছক্কা। হাঁচির মাপে? বাস্ রে, তা হলে মাথা ঠোকাঠুকি হবে তো!

সদাগর। হাঁ, একেবারে দমাদ্দম।

ছক্কা। তোমাদেরও আদিকবির মন্ত্র আছে তো ?

সদাগর। আছে বইকি।

গান

হাঁচ্ছোঃ !
ভয় কী দেখাচ্ছ।
ধরি টিপে টুঁটি, মুখে মারি মুঠি—
বলো দেখি কী আরাম পাচ্ছ।
হাঁচ্ছো ! হাঁচ্ছো ॥

ছক্কা। ওহে ভাই পঞ্জা, একেবারে অসবর্ণ। কী জাতি তোমরা।

সদাগর। আমরা নাশক, নাসা থেকে উৎপন্ন।

পঞ্জা। কোনো উচ্চবংশীয় জাতির অমনতরো নাম তো শুনি নি।

সদাগর। হাইয়ের বাষ্পে তোমরা উড়ে গেছ উচ্চে, পরলোকের পারে; হাঁচির চোটে আমরা পড়েছি নীচে, এই ইহলোকের ধারে।

ছক্কা। পিতামহের নাসিকার অসংযম-বশতই তোমরা এমন অদ্ভুত।

রাজপুত্র। এতক্ষণে ঠিক কথাটাই বেরিয়েছে তোমার মুখ থেকে, আমরা অদ্ভুত।

গান

আমরা নূতন যৌবনেরই দূত,
আমরা চঞ্চল, আমরা অদ্ভুত।
আমরা বেড়া ভাঙি,
আমরা অশোকবনের রাঙা নেশায় রাঙি,
ঝঞ্ঝার বন্ধন ছিন্ন করে দিই
আমরা বিদ্যুৎ।
আমরা করি ভুল।
অগাধ জলে ঝাঁপ দিয়ে
যুঝিয়ে পাই কূল।
যেখানে ডাক পড়ে
জীবন-মরণ-ঝড়ে
আমরা প্রস্তুত ॥

ছক্কা-পঞ্জা ( পরস্পর মুখ চেয়ে )। এ চলবে না, এ চলবে না।

রাজপুত্র। যা চলবে না তাকেই আমরা চালাই।

ছক্কা। কিন্তু নিয়ম!

রাজপুত্র। বেড়ার নিয়ম ভাঙলেই পথের নিয়ম আপনিই বেরিয়ে পড়ে, নইলে এগোব কী করে।

পঞ্জা। ওরে ভাই, কী বলে এরা। এগোবে!— অম্লানমুখে ব'লে বসল, 'এগোব'।

রাজপুত্র। নইলে চলা কিসের জন্যে।

ছক্কা। চলা! চলবে কেন তুমি! চলবে নিয়ম।

গান

চলো নিয়ম-মতে।
দূরে তাকিয়ো নাকো,
ঘাড় বাঁকিয়ো নাকো—
চলো সমান পথে।

রাজপুত্র

হেরো অরণ্য ওই—
হোথা শৃঙ্খলা কই,
পাগল ঝরনাগুলো
দক্ষিণপর্বতে।

তাসের দল।

ও দিকে চেয়ো না, চেয়ো না—
যেয়ো না, যেয়ো না—
চলো সমান পথে॥

আর নয়, ঐ আসছেন রাজাসাহেব, আসছেন রানীবিবি। এইখানে আজ সভা। এই নাও ভুঁইকুমড়োর ডাল একটা ক'রে।

রাজপুত্র। ভুঁইকুমড়োর ডাল? হা হা হা হা— কেন।

পঞ্জা। চুপ। হেসো না, নিয়ম। বোসো ঈশানকোণে মুখ ক'রে, খবরদার বায়ুকোণে মুখ ফিরিয়ো না।

রাজপুত্র। কেন।

ছক্কা। নিয়ম।

রাজা রানী টেক্কা গোলাম প্রভৃতির
যথারীতি যথাভঙ্গীতে প্রবেশ

রাজপুত্র। ওহে ভাই, স্তবগান করে রাজাকে খুশি করে দিই। তুমি ভুঁই-কুমড়োর ডালটা দোলাও।

গান

জয় জয় তাসবংশ-অবতংস!
ক্রীড়াসরসীনীরে রাজহংস!
তাম্রকূটঘনধূমবিলাসী!
তন্দ্রাতীরনিবাসী!
সব-অবকাশ-ধ্বংস!
যমরাজেরই অংশ॥

তাসের দল। ভ্যাস্তা ভ্যাস্তা ভ্যাস্তা! অকালে সভা দিলে ভেঙে, বর্বর!

রাজা। শান্ত হও। এরা কারা।

ছক্কা। বিদেশী।

রাজা। বিদেশী! তা হলে নিয়ম খাটবে না। একবার সকলে ঠাঁই-বদল করে নাও, তা হলেই দোষ যাবে কেটে। সর্বাগ্রে তাস-মহাসভার জাতীয় সংগীত।

গান

সকলে

চিঁড়েতন, হর্তন, ইস্কাবন—
অতি সনাতন ছন্দে করতেছে নর্তন।
কেউ-বা ওঠে, কেউ পড়ে,
কেউ-বা একটু নাহি নড়ে,
কেউ শুয়ে শুয়ে ভুঁয়ে করে কালকর্তন।
নাহি কহে কথা কিছু, একটু না হাসে,
সামনে যে আসে
চলে তারি পিছু পিছু।
বাঁধা তার পুরাতন চালটা—

নাই কোনো উল্‌টা-পাল্‌টা—
নাই পরিবর্তন।

রাজা। ওহে বিদেশী।

রাজপুত্র। কী রাজাসাহেব।

রাজা। কে তুমি।

রাজপুত্র। আমি সমুদ্রপারের দূত।

গোলাম। ভেট এনেছ কী।

রাজপুত্র। এ দেশে সব-চেয়ে যা দুর্লভ তাই এনেছি।

গোলাম। সেটা কী শুনি।

রাজপুত্র। উৎপাত।

ছক্কা। শুনলে তো রাজাসাহেব, কথাটা তো শুনলে? লোকটা এগোতে চায়, বললে বিশ্বাস করবে না, লোকটা হাসে। দু দিনে এখানকার হাওয়া দেবে হাল্কা করে।

গোলাম। এখানকার হাওয়া যেমন স্থির, যেমন ভারী, এমন কোনো গ্রহে নেই। ইন্দ্রের বিদ্যুৎ পর্যন্ত একে নাড়া দিতে পারে না, অন্যে পরে কা কথা।

সকলে। (একবাক্যে) অন্যে পরে কা কথা!

গোলাম। লঘুচিত্ত বিদেশী এই হাওয়াকে যদি হাল্কা করে তা হলে কী হবে।

রাজা। সেটা চিন্তার বিষয়।

সকলে। সেটা চিন্তার বিষয়।

গোলাম। হাল্কা হাওয়াতেই ঝড় আসে। ঝড় এলেই নিয়ম যায় উড়ে। তখন আমাদের পুরুতঠাকুর নহলা গোস্বামী পর্যন্ত বলতে শুরু করবেন, আমরা এগোব।

পঞ্জা। এমন-কি, ভগবান না করুন, হয়তো এখানে হাসিটা সংক্রামক হয়ে উঠবে।

রাজা। ওহে ইস্কাবনের গোলাম।

গোলাম। কী রাজাসাহেব।

রাজা। তুমি তো সম্পাদক।

গোলাম। আমি তাসদ্বীপপ্রদীপের সম্পাদক। আমি তাসদ্বীপের কৃষ্টির রক্ষক।

রাজা। কৃষ্টি! এটা কী জিনিস। মিষ্টি শোনাচ্ছে না তো।

গোলাম। না মহারাজ, এ মিষ্টিও নয়, স্পষ্টও নয়, কিন্তু যাকে বলে নতুন— নবতম অবদান। এই কৃষ্টি আজ বিপন্ন।

সকলে। কৃষ্টি, কৃষ্টি, কৃষ্টি।

রাজা। তোমার পত্রে সম্পাদকীয় স্তম্ভ আছে তো ?

গোলাম। দুটো বড়ো বড়ো স্তম্ভ।

রাজা। সেই স্তম্ভের গর্জনে সবাইকে স্তম্ভিত করে দিতে হবে। এখানকার বায়ুকে লঘু করা সইব না।

গোলাম। বাধ্যতামূলক আইন চাই।

রাজা। ওটা আবার কী বললে! বাধ্যতামূলক আইন!

গোলাম। কান-মলা আইনের নব্য ভাষা। এও নবতম অবদান।

রাজা। আচ্ছা, পরে হবে। বিদেশী, তোমার কোনো আবেদন আছে ?

রাজপুত্র। আছে, কিন্তু তোমার কাছে নয়।

রাজা। কার কাছে।

রাজপুত্র। এই রাজকুমারীদের কাছে।

রাজা। আচ্ছা, বলো।

গান

রাজপুত্র। ওগো, শান্ত পাষাণমুরতি সুন্দরী,
চঞ্চলেরে হৃদয়তলে লও বরি।
কুঞ্জবনে এসো একা,
নয়নে অশ্রু দিক দেখা,
অরুণরাগে হোক রঞ্জিত
বিকশিত বেদনার মঞ্জরী ॥

রানী। এ কী অনিয়ম! এ কী অবিচার!

পঞ্জা। রাজাসাহেব, নির্বাসন, ওকে নির্বাসন!

রাজা। নির্বাসন! রানীবিবি, তোমার কী মত। চুপ ক'রে রইলে যে। শুনছ আমার কথা ? একটা উত্তর দাও। কী বলো, নির্বাসন তো ?

রানী। না, নির্বাসন নয়।

টেক্কাকুমারীরা। ( একে একে ) না, নির্বাসন নয়।

রাজা। রানীবিবি, তোমাকে যেন কেমন-কেমন মনে হচ্ছে!

রানী। আমার নিজেরই মনে হচ্ছে কেমন-কেমন।

গোলাম। টেক্কাকুমারী, বিবিসুন্দরী, মনে রেখো, আমার হাতে সম্পাদকীয় স্তম্ভ।

সকলে। কৃষ্টি, কৃষ্টি, তাসদ্বীপের কৃষ্টি। বাঁচাও সেই কৃষ্টি।

গোলাম। জারি করো বাধ্যতামূলক আইন।

রাজা। অর্থাৎ?

গোলাম। কান-মলা মোচড়ের আইন।

রাজা। বুঝেছি। রানীবিবি, তোমার কী মত। বাধ্যতামূলক আইন এবার তবে চালাই?

রানী। বাধ্যতামূলক আইন অন্দরমহলে আমরাও চালিয়ে থাকি— দেখব, কে দেয় কাকে নির্বাসন।

টেক্কাকুমারীরা (সকলে)। আমরা চালাব অবাধ্যতামূলক বে-আইন।

গোলাম। এ কী হল। হায় কৃষ্টি, হায় কৃষ্টি, হায় কৃষ্টি।

রাজা। সভা ভেঙে দিলুম। এখনি সবাই চলে এসো। আর এখানে থাকা নিরাপদ নয়।

তাসের দলের প্রস্থান

সদাগর। ভাই সাঙাত, এখানে তো আর সহ্য হচ্ছে না। এরা যে বিধাতার ব্যঙ্গ। এদের মধ্যে প'ড়ে আমরা-সুদ্ধ মাটি হয়ে যাব।

রাজপুত্র। ভিতরে ভিতরে কী ঘটছে সেটা কি তোমার চোখে পড়ে না। পুতুলের মধ্যে প্রথম প্রাণের সঞ্চার কি অনুভব করছ না। আমি তো শেষ পর্যন্ত না দেখে যাচ্ছি নে।

সদাগর। কিন্তু, এ যে জীবন্মৃতের খাঁচা, নিয়মের জারকরসে জীর্ণ এদের মন।

রাজপুত্র। ঐ দিকে চোখ মেলে দেখো দেখি।

সদাগর। তাই তো বন্ধু, লেগেছে সমুদ্রপারের মন্ত্র। ইস্কাবনের নহলা গাছের তলায় পা ছড়িয়ে আকাশের দিকে তাকিয়ে— দেখছি এখানকার নিয়ম গেল উড়ে।

রাজপুত্র। চিঁড়েতনীর পায়ের শব্দ শুনছে আকাশ থেকে। এ সময়ে বোধ হয় আমাদের সঙ্গটা ওর পছন্দ হবে না। চলো, আমরা সরে যাই।

প্রস্থান

## তৃতীয় দৃশ্য

প্রসাধনে রত ইস্কাবনী। টেক্কানীর প্রবেশ

গান

টেক্কানী। বলো সখী, বলো তারি নাম
আমার কানে কানে
যে নাম বাজে তোমার
প্রাণের বীণার তানে তানে।
বসন্তবাতাসে বনবীথিকায়
সে নাম মিলে যাবে
বিরহী বিহঙ্গ -কলগীতিকায়,
সে নাম মদির হবে যে বকুলঘ্রাণে।
নাহয় সখীদের মুখে মুখে
সে নাম দোলা খাবে সকৌতুকে।
পূর্ণিমারাতে একা যবে
অকারণে মন উতলা হবে
সে নাম শুনাইব গানে গানে॥

ইস্কাবনী। ভাই, এ কী হল বলো তো এই তাসের দেশে। ঐ বিদেশীরা কী খ্যাপামির হাওয়া নিয়ে এল। মনটা কেবলই টলমল করছে।

টেক্কানী। হাঁ ভাই ইস্কাবনী, আর দু দিন আগে কে জানত, তাসেরা আপন জাত খুইয়ে ঠিক যেন মানুষের মতো চাল-চলন ধরবে। ছি ছি, কী লজ্জা।

ইস্কাবনী। বলো তো, ভাই, মানুষপনা— এ যে অনাচার। এ কিন্তু শুরু করেছে তোমাদের ঐ হরতনী। দেখিস নি? আজকাল ওর চলন ঠিক থাকে না, একেবারে হুবহু মানুষের ভঙ্গী। কার পাশে কখন দাঁড়াতে হবে তারও সমস্ত ভুল হয়ে যায়, পাড়ায় ঢি ঢি পড়ে গেছে। তাসের দেশের নাম ডোবালে।

চিঁড়েতনীর প্রবেশ

চিঁড়েতনী। কী গো টেক্কাঠাকরুন, শুনেছি আমাদের নিন্দে রটিয়ে বেড়াচ্ছ। বলছ, আমরা আচার খুইয়ে, ওঠবার বেলায় বসি, বসবার বেলায় উঠি।

টেক্কানী। তা সত্যি কথা বলেছি, দোষ হয়েছে কী। ঐ-যে তোমার গাল দুটি টুক্‌টুক্‌ করছে, রঙ্গিনী, সে কোন্‌ রঙে। আর ঐ-যে তোমার ভুরুর ভঙ্গিমা, ধার করেছ কোন্‌ বিদেশী অমাবস্যার কাজললতা থেকে। এটা তো সাত জন্মে তাসের দেশের শাস্তরে লেখে না। তুমি কি ভাবো, এ কারো চোখে পড়ে না।

